

পালাযো

পালামৌ

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

সম্পাদক

শ্রীব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

শ্রীসজনীকান্ত দাস



বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

একমাত্র পবিবেশক

কমলা বুক ডিপো

১৫ বঙ্কিম চাটুজ্জৈ স্ট্রিট, কলিকাতা-১২

প্রকাশক
শ্রীসনৎকুমার গুপ্ত
বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

প্রথম সংস্করণ—বৈশাখ ১৩৫১

দ্বিতীয় মুদ্রণ— বৈশাখ ১৩৫৪

তৃতীয় মুদ্রণ - - পৌষ ১৩৫৮

মূল্য দশ আনা

মুদ্রাকর—শ্রীসজনীকান্ত দাস
শনিরঞ্জন প্রেস, ৫৭ ইন্ড বিয়াস রোড, বেলগাছিয়া, কলিকাতা-৩৭

১১০—২২/১২/১৯৫১

ভূমিকা

উনবিংশ শতাব্দীর শেষার্ধ্বে বঙ্গভরতীর একজন কৃতী অথচ অলস ও অসাবধান সাধক বঙ্কিমাগ্রজ সঞ্জীবচন্দ্রের অন্ততম সার্থক এবং হুমসঙ্গস রচনা “পালামো”—বস্তুত: আধুনিক কাল পর্য্যন্ত তাঁহার সাহিত্যকীর্তি এই “পালামো”কে কেন্দ্র কবিষাই প্রতিষ্ঠিত আছে। এই কারণে সঞ্জীবচন্দ্রের এই রচনাটিই আমরা পুনঃপ্রকাশিত করিলাম।

“পালামো” সঞ্জীবচন্দ্র-সম্পাদিত ‘বঙ্গদর্শনে’ সর্বপ্রথম ধাবাবাহিক ভাবে প্রকাশিত হয়। লেখকের আসল নাম ছিল না; “প্র. না. ব.” এই ছদ্ম নাম ব্যবহৃত হইয়াছিল। ১২৮৭ বঙ্গাব্দের পৌষ-সংখ্যায় আরম্ভ, ১২৮৯ বঙ্গাব্দের ফাল্গুন মাসে ‘বঙ্গদর্শনে’ ইহা সমাপ্ত হয়। প্রকাশের ক্রম এইরূপ: ১২৮৭, পৌষ, পৃ. ৪১২-১৯; ফাল্গুন, পৃ. ৫১৩-১৯; ১২৮৮, আষাঢ়, পৃ. ১৩৫-৩৯; শ্রাবণ, পৃ. ১৬৫-৭১; আশ্বিন, পৃ. ২৮১-৮৬; ১২৮৯, ফাল্গুন, পৃ. ৫১৪-১৭। “পালামো” সঞ্জীবচন্দ্রের জীবৎ-কালে স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হয় নাই। তাঁহার মৃত্যুর পর বঙ্কিমচন্দ্র ‘সঞ্জীবনী সুধা’ নাম দিয়া সঞ্জীবচন্দ্রের রচনাব যে সংকলন প্রকাশ কবেন, তাহাতেই “পালামো” সর্বপ্রথম পুস্তকাকারে মুদ্রণ-গৌরব লাভ কবে। ছুঃখের বিষয়, অনবধানতাৰণত: ‘সঞ্জীবনী সুধা’তে অনেক মুদ্রাকর-প্রমাদ ঘটিয়া স্থানে স্থানে অর্থ বৈকল্য ঘটাইয়াছে এবং যে-কোন কাবণেই হউক, ‘বঙ্গদর্শনে’ প্রকাশিত সর্বশেষ অংশ স্থান পায় নাই। বসুমতী-সংস্করণ সঞ্জীব-গ্রন্থাবলীতে ‘সঞ্জীবনী সুধা’র পাঠই অক্ষুণ্ণ হইয়াছে। সুতরাং আমরাই সর্বপ্রথম সম্পূর্ণ “পালামো” পুস্তকাকারে প্রকাশ করিলাম, ইহা বলা চলে। আমরা ‘বঙ্গদর্শনে’র পাঠ গ্রহণ করিয়াছি।

সঞ্জীবচন্দ্রের 'জীবনী বঙ্কিমচন্দ্র লিখিয়াছেন, বঙ্কিম-রচনাবলীর "বিবিধ" খণ্ডে তাহা প্রকাশিত হইয়াছে। সঞ্জীবচন্দ্রের প্রচলিত গ্রন্থাবলীর সঙ্গেও তাহা সচরাচর যুক্ত দেখা যায়। বঙ্কিমচন্দ্রের পরও আরও উপকরণ সঞ্জীবচন্দ্রের জীবনী সম্পর্কে যাহা পাওয়া গিয়াছে, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্তৃক প্রকাশিত "সাহিত্য-সাধক-চরিতমালা"র 'সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়' পুস্তকে তাহা সন্নিবিষ্ট হইয়াছে। সঞ্জীবচন্দ্রের গ্রন্থপঞ্জীও উহাতে দেওয়া হইয়াছে।

বঙ্কিমচন্দ্রের মত আমরাও মনে করি, "তিনি যে এ পর্য্যন্ত বাঙ্গালা সাহিত্যে আপনার উপযুক্ত আসন প্রাপ্ত হইয়েন নাই, তাহা যিনি তাঁহার গ্রন্থগুলি যত্নপূর্বক পাঠ করিবেন, তিনিই স্বীকার করিবেন। কালে সে আসন প্রাপ্ত হইবেন"। এই ভরসা লইয়াই আমরা তাঁহাব একটি শ্রেষ্ঠ রচনা পুনঃপ্রকাশ করিলাম। এ যুগের পাঠকেরা এই রচনা হইতেই সঞ্জীবচন্দ্রের সাহিত্যকীর্ত্তি সন্মুখে সচেতন হইবেন বলিয়া আমাদের বিশ্বাস।

চন্দ্রনাথ বসু "পালামো" সন্মুখে লিখিয়াছিলেন :

...উপন্যাস না হইয়াও পালামো উৎকৃষ্ট উপন্যাসের স্থায় মিত্র বোধ হয়। পালামোর স্থায় ভ্রমণকাহিনী বাঙ্গালা সাহিত্যে আর নাই। আমি জানি উহার সকল কথাই প্রকৃত, কোন কথাই কল্পিত নয়। কিন্তু মিত্রতা মনোহারিত্বে উহা স্মরণীয় উপন্যাসের লক্ষণাক্রান্ত ও সমতুল্য।

রবীন্দ্রনাথ তাঁহার 'আধুনিক সাহিত্যে' সঞ্জীবচন্দ্রের "পালামো" সম্পর্কে বিস্তৃত আলোচনা করিয়াছেন। এই আলোচনা সঃলের পাঠ্য। আমরা নিম্নে সেই আলোচনা হইতে কিয়দংশ উদ্ধৃত করিয়া এই ভূমিকা সমাপ্ত করিতেছি। রবীন্দ্রনাথ লিখিয়াছেন :

পালামো ভ্রমণবৃত্তান্তের মধ্যে সৌন্দর্যের প্রতি সঞ্জীবচন্দ্রের যে একটি অকৃত্রিম সঞ্জীব অমুরাগ প্রকাশ পাইয়াছে এমন সচরাচর বাংলা লেখকদের মধ্যে দেখা যায় না। সাধারণত আমাদের জাতির মধ্যে একটি বিজ্ঞবান্ধকের লক্ষণ আছে—আমাদের চক্ষে সমস্ত জগৎ যেন জরাজীর্ণ হইয়া গিয়াছে। সৌন্দর্যের মায়া-আবরণ যেন বিশ্রুত হইয়াছে—এবং বিশ্বসংসারের অনাদি প্রাচীনতা পৃথিবীর মধ্যে কেবল আমাদের নিকটই ধরা পড়িয়াছে। সেই জন্ত অশন বসন ছন্দ ভাষা আচার ব্যবহার বাসস্থান সর্বত্রই সৌন্দর্যের প্রতি আমাদের এমন সুগভীর অবহেলা। কিন্তু সঞ্জীবের অন্তরে সেই জরার রাজত্ব ছিল না। তিনি যেন একটি নূতনসৃষ্ট জগতের মধ্যে এক জোড়া নূতন চক্ষু লইয়া ভ্রমণ করিতেছেন। “পালামো”তে সঞ্জীবচন্দ্র যে, বিশেষ কোনো কৌতূহলজনক নূতন কিছু দেখিয়াছেন, অথবা পুঞ্জাপুঞ্জরূপে কিছু বর্ণনা করিয়াছেন তাহা নহে, কিন্তু সর্বত্রই ভালবাসিবার ও ভালো লাগিবার একটা ক্ষমতা দেখাইয়াছেন। “পালামো” দেশটা সুসংলগ্ন সুস্পষ্ট জাজল্যমান চিত্রের মত প্রকাশ পায় নাই, কিন্তু যে সহৃদয়তা ও রসবোধ থাকিলে জগতের সর্বত্রই অক্ষয় সৌন্দর্যের সুধাভাঙার উদ্ঘাটিত হইয়া যায় সেই দুর্লভ জিনিষটি তিনি রাখিয়া গিয়াছেন, এবং ঠাঁহার হৃদয়ের সেই অমুরাগপূর্ণ মমত্ববৃত্তির কল্যাণ-কিরণ যাহাকেই স্পর্শ করিয়াছে—কৃষ্ণবর্ণ কোলরমণীই হোক, বন-সমাকীর্ণ পর্বতভূমিই হোক, জড় হোক, চেতন হোক, ছোট হোক, বড় হোক সকলকেই একটি সুকোমল সৌন্দর্য্য এবং গৌরব অর্পণ করিয়াছে।

লেখক যখন যাত্রা আরম্ভকালে গাড়ি করিয়া বরাকর নদী পার হইতেছেন এমন সময় কুলীদের বালকবালিকারা ঠাঁহার গাড়ি ঘিরিয়া “সাহেব একটি পয়সা” “সাহেব একটি পয়সা” করিয়া চীৎকার করিতে

লাগিল—লেখক বলিতেছেন “এই সমস্ত একটি ছই বৎসর বয়স্ক শিশু আসিয়া আকাশের দিকে মুখ তুলিয়া হাত পাতিয়া দাঁড়াইল। কেম হাত পাতিল তাহা সে জানে না ;—সকলে হাত পাতিয়াছে দেখিয়া সেও হাত পাতিল। আমি তাহার হস্তে একটি পয়সা দিলাম, শিশু তাহা কেলিয়া দিয়া আবার হাত পাতিল ; অল্প বালক সে পয়সা কুড়াইয়া লইলে শিশুর ভগিনীর সহিত তাহার তুমুল কলহ বাধিল।”

সামান্য শিশুর এই শিশুত্বটুকু, তাহার উদ্দেশ্যবোধহীন অহুকরণ-বৃত্তির এই ক্ষুদ্র উদাহরণটুকুর উপর সঙ্গীবের যে-একটি সেকৌতুক স্নেহহাস্য নিপতিত রহিয়াছে সেইটি পাঠকের নিকট রঙ্গীন ;—সেই একটি উণ্টা-হাতপাতা উর্দ্ধমুখ অজ্ঞান লোভহীন শিশু ভিক্ষকের চিত্রটি সমস্ত শিশুজাতির প্রতি আমাদের মনের একটি মগুরস আকর্ষণ করিয়া আনে।

দৃশ্যটি নূতন এবং অসামান্য বলিয়া নহে পরন্তু পুরাতন এবং সামান্য বলিয়াই আমাদের হৃদয়কে এরূপ বিচলিত করে। শিশুদের মধ্যে আমরা মাঝে মাঝে ইহারই অহুরূপ অনেক ঘটনা দেখিয়া আসিয়াছি, সেইগুলি বিন্মতভাবে আমাদের মনের মধ্যে সঞ্চিত ছিল ;—সঙ্গীবের রচিত চিত্রটি আমাদের সম্মুখে ঝাড়া হইবামাত্র সেই সকল অশরিক্সুট স্মৃতি পরিস্কুট হইয়া উঠিল এবং তৎসহকারে শিশুদের প্রতি আমাদের স্নেহরাশি ঘনীভূত হইয়া আনন্দরসে পরিণত হইল।...

সঙ্গীব বালকের জ্ঞান সকল জিনিষ সঙ্গীব কোঁতুলনের সহিত দেখিতেন এবং প্রবীণ চিত্রকরের জ্ঞান তাহার প্রকাশ অংশগুলি নির্বাচন করিয়া লইয়া তাহার চিত্রকে পরিস্কুট করিয়া তুলিতেন এবং তাবুকের জ্ঞান সকলের মধ্যেই তাহার নিজের একটি হৃদয়াংশ যোগ করিয়া দিতেন।

পালামো

১

বহুকাল হইল আমি একবার পালামো প্রদেশে গিয়াছিলাম, প্রত্যাগমন করিলে পর সেই অঞ্চলের বৃত্তান্ত লিখিবার নিমিত্ত দুই এক জন বন্ধুবান্ধব আমাকে পুনঃ পুনঃ অনুরোধ করিতেন, আমি তখন তাঁহাদের উপহাস করিতাম। এক্ষণে আমার কেহ অনুরোধ করে না, অথচ আমি সেই বৃত্তান্ত লিখিতে বসিয়াছি। তাৎপর্য্য বয়স। গল্প করা এ বয়সের রোগ, কেহ শুনুন বা না শুনুন, বৃদ্ধ গল্প করে।

অনেক দিনের কথা লিখিতে বসিয়াছি, সকল স্মরণ হয় না। পূর্বে লিখিলে যাহা লিখিতাম, এক্ষণে যে তাহাই লিখিতেছি এমত নহে। পূর্বে সেই সকল নির্জজন পর্ব্বত, কুসুমিত কানন প্রভৃতি যে চক্ষে দেখিয়াছিলাম, সে চক্ষু আর নাই। এখন পর্ব্বত কেবল প্রস্তরময়, বন কেবল কণ্টকাকীর্ণ, অধিবাসীরা কেবল কদাচারী বলিয়া স্মরণ হয়। অতএব যাহারা বয়োগুণে কেবল শোভা সৌন্দর্য্য প্রভৃতি ভাল বাসেন, বৃদ্ধের লেখায় তাঁহাদের কোন প্রবৃত্তি পরিতৃপ্ত হইবে না।

যখন পালামো আমার যাওয়া একান্ত স্থির হইল, তখন জানি না যে সে স্থান কোন্ দিকে, কত দূরে। অতএব ম্যাপ দেখিয়া পথ স্থির করিলাম। হাজারিবাগ হইয়া যাইতে হইবে এই বিবেচনায় ইন্ডিয়াণ্ড ট্রানজিট কোম্পানীর (Inland Transit Company) ডাকগাড়ী ভাড়া করিয়া রাত্রি দেড় প্রহরের সময় রাণীগঞ্জ হইতে যাত্রা করিলাম। প্রাতে বয়াকর নদীর পূর্ব্বপারে গাড়ী থামিল। নদী অতি ক্ষুদ্র, তৎকালে

অন্নমাত্র জল ছিল, সকলেই হাঁটিয়া পায় হইতেছে, গাড়ী ঠেলিয়া পায় করিতে হইবে। অতএব গাড়ওয়ান কুলি ডাকিতে গেল।

পূর্বপার হইতে দেখিলাম যে, অপর পারে ঘাটের উপরেই একজন সাহেব বাঙ্গালায় বসিয়া পাইপ টানিতেছেন, সম্মুখে এক জন চাপরাসী একরূপ গৈরিক মৃত্তিকা হস্তে দাঁড়াইয়া আছে। যে ব্যক্তি পারার্থ সেই ঘাটে আসিতেছে, চাপরাসী তাহার বাহুতে সেই মৃত্তিকাদ্বারা কি অঙ্কপাত করিতেছে। পারার্থীর মধ্যে বস্ত্র লোকই অধিক, তাহাদের যুবতীরা মৃত্তিকারঞ্জিত আপন আপন বাহুর প্রতি আডনয়নে চাহিতেছে আর হাসিতেছে, আবার অস্ত্রের অঙ্গে সেই অঙ্কপাত কিরূপ দেখাইতেছে তাহাও এক একবার দেখিতেছে। শেষে যুবতীরা হাসিতে হাসিতে দৌড়িয়া নদীতে নামিতেছে। তাহাদের ছুটাছুটিতে নদীর জল উচ্ছ্বসিত হইয়া কুলের উপব উঠিতেছে।

আমি অল্পমনঃ্বে এই রঙ্গ দেখিতেছি এমত সময় কুলিদের কতকগুলি বালক বালিকা আসিয়া আমার গাড়ী ঘেরিল। “সাহেব একটি পয়সা” সাহেব একটি পয়সা” এই বলিয়া চাঁৎকার করিতে লাগিল। ধূতি চাদর পরিয়া আমি নিরীহ বাঙালী বসিয়া আছি, আমায় কেন সাহেব বলিতেছে তাহা জানিবার নিমিত্ত বলিলাম, “আমি সাহেব নহি। একটি বালিকা আপন ক্ষুদ্র নাসিকাস্থ অঙ্গুরীবৎ অলঙ্কারের মধ্যে নখ নিমজ্জন করিয়া বলিল, “হাঁ, তুমি সাহেব।” আর একজন জিজ্ঞাসা করিল, “তবে তুমি কি?” আমি বলিলাম, “আমি বাঙালী।” সে বিশ্বাস করিল না, বলিল, “না, তুমি সাহেব।” তাহারা মনে করিয়া থাকিবে যে, যে গাড়ী চড়ে, সে অবশ্য সাহেব।

এই সময় একটি দুইবৎসরবয়স্ক শিশু আসিয়া আকাশের দিকে মুখ তুলিয়া হাত পাতিয়া দাঁড়াইল। কেন হাত পাতিল তাহা সে জানে না,

সকলে হাত পাতিরাছে দেখিরা সেও হাত পাতিল। আমি তাহার হস্তে একটি পয়সা দিলাম, শিশু তাহা ফেলিরা দিয়া আবার হাত পাতিল, অন্য বালক সে পয়সা কুড়াইয়া লইলে শিশুর ভগিনীর সহিত তাহার কুমুল কলহ বাধিল। এই সময় আমার গাড়ী অপর পারে গিয়া উঠিল।

বরাকর হইতে দুই একটি ক্ষুদ্র পাহাড় দেখা যায়। বঙ্গবাসীদের কেবল মাঠ দেখা অভ্যাস, মৃত্তিকার সামান্য স্তূপ দেখিলেই তাহাদের আনন্দ হয়, অতএব সেই ক্ষুদ্র পাহাড়গুলি দেখিয়া যে তৎকালে আমার যথেষ্ট আনন্দ হইবে ইহার আর আশ্চর্য্য কি? বাল্যকালে পাহাড় পর্কতের পরিচয় অনেক শুনা ছিল, বিশেষতঃ একবার এক বৈরাগীর আধড়ায় চুণকাম-করা এক গিরিগোবর্দ্ধন দেখিরা পাহাডেব আকার অমুভব করিয়া লইয়াছিলাম। কৃষক-কন্ঠারা শুষ্ক গোময় সংগ্রহ করিয়া যে স্তূপ করে, বৈরাগীর গোবর্দ্ধন তাহা অপেক্ষা কিছু বড়। তাহার স্থানে স্থানে চারি পাঁচখানি ইষ্টক গাঁথিয়া এক একটি চূড়া করা হইয়াছে। আবার সর্বোচ্চ চূড়ার পার্শ্বে এক সর্পফণা নির্মাণ করিয়া তাহা হরিত, পীত, নানা বর্ণে চিত্রিত কবা হইয়াছে, পাছে সর্পেব প্রতি লোকেব দৃষ্টি না পড়ে এই শুষ্ক ফণাটি কিছু বড় করিতে হইয়াছে। কাজেই পর্কতের চূড়া অপেক্ষা ফণাটি বড় হইয়া পড়িয়াছে, তাহা মিজির গুণ নহে, বৈরাগীরও দোষ নহে। সর্পটি কালীয়দমনের কালীয়, কাজেই যে পর্কতের উপর কালীয় উঠিয়াছে, সে পর্কতের চূড়া অপেক্ষা তাহার ফণা যে কিছু বৃহৎ হইবে ইহার আর আশ্চর্য্য কি? বৈরাগীর এই গিরিগোবর্দ্ধন দেখিরা বাল্যকালেই পর্কতের অমুভব হইয়াছিল। বরাকরের নিকটস্থ পাহাড়গুলি দেখিরা আমার সেই বাল্যসংস্কারের কিঞ্চিৎ পরিবর্তন হইতে আরম্ভ হইল।

অপরাহ্নে দেখলাম, একটি সুন্দর পর্কতের নিকট দিয়া গাড়ী

যাইতেছে। এত নিকট দিয়া যাইতেছে যে, পর্বতস্থ ক্ষুদ্র ক্ষুদ্র প্রান্তরের ছায়া পর্যন্ত দেখা যাইতেছে। গাড়ওয়ানকে গাড়ী থামাইতে বলিয়া আমি নামিলাম। গাড়ওয়ান জিজ্ঞাসা করিল, “কোথা যাইবেন?” আমি বলিলাম, “একবার এই পর্বতে যাইব।” সে হাসিয়া বলিল, “পাহাড় এখান হইতে অধিক দূর, আপনি সন্ধ্যার মধ্যে তথায় পৌঁছিতে পারিবেন না।” আমি এ কথা কোনরূপে বিশ্বাস করিলাম না, আমি স্পষ্ট দেখিতেছিলাম, পাহাড় অতি নিকট, তথা যাইতে আমার পাঁচ মিনিটও লাগিবে না, অতএব গাড়ওয়ানের নিষেধ না শুনিয়া আমি পর্বতভিমে চলিলাম। পাঁচ মিনিটের স্থলে ১৫ মিনিট কাল দ্রুত-পাদবিক্ষেপে গেলাম, তথাপি পর্বত পূর্বমত সেই পাঁচ মিনিটের পথ বলিয়া বোধ হইতে লাগিল। তখন আমার ভ্রম বুঝিতে পারিয়া গাড়ীতে ফিরিয়া আসিলাম। পর্বত সম্বন্ধে দূরতা স্থির করা বাঙ্গালীর পক্ষে বড় কঠিন, ইহার প্রমাণ পালামো গিয়া পুনঃ পুনঃ পাইয়াছিলাম।

পরদিবস প্রায় দুই প্রহরের সময় হাজারিবাগ পৌঁছিলাম। তথায় গিয়া শুনিলাম, কোন সম্ভ্রান্ত ব্যক্তির বাটীতে আমার আহারের আয়োজন হইতেছে। প্রায় দুই দিবস আহার হয় নাই, অতএব আহার সম্বন্ধীয় কথা শুনিবামাত্র ক্ষুধা অধিকতর প্রদীপ্ত হইল। যিনি আমার নিমিত্ত উদ্যোগ করিতেছেন, তিনি আমার আগমনবার্তা কিরূপে জানিলেন, তাহা অমুসন্ধান করিবার আর সাবকাশ হইল না, আমি তৎক্ষণাৎ তাঁহার বাটীতে গাড়ী লইয়া যাইতে অমুমতি করিলাম। ঠাঁহার বাটীতে যাইতেছি, তাঁহার সহিত আমার কখনও চাক্ষুষ হয় নাই। তাঁহার নাম শুনিয়াছি, সুখ্যাতিও যথেষ্ট শুনিয়াছি; সজ্জন বলিয়া তাঁহার প্রশংসা সকলেই করে। কিন্তু সে প্রশংসায় কর্ণপাত বড় করি

নাই, কেন না বঙ্গবাসীরাই সজ্জন ; বঙ্গে কেবল প্রতিবাসীরাই ছুরাঙ্গা, যাহা নিন্দা জনা যায় তাহা কেবল প্রতিবাসীর। প্রতিবাসীর পরশ্রী-কাতর, দাঙ্কিক, কলহশ্রয়, লোভী, কুপণ, বঞ্চক। তাহারা আপনাদের গন্থানকে ভাল কাপড়, ভাল জুতা পরায়, কেবল আমাদের গন্থানকে কাঁদাইবার জন্ত। তাহারা আপনাদের পুঞ্জবধুকে উত্তম বস্ত্রালঙ্কার দেয়, কেবল আমাদের পুঞ্জবধুর মুখ ভার করাইবার নিমিত্ত। পাগিষ্ঠ, প্রতিবাসীরা ! যাহাদের প্রতিবাসী নাই, তাহাদের ক্রোধ নাই। তাহাদেরই নাম ঋষি। ঋষি কেবল প্রতিবাসি-পরিত্যাগী গৃহী। ঋষির আশ্রমপার্শ্বে প্রতিবাসী বসায়, তিন দিনের মধ্যে ঋষির ঋষিত্ব যাইবে। প্রথম দিন প্রতিবাসীর ছাগলে পুষ্পবৃক্ষ নিষ্পত্র করিবে। দ্বিতীয় দিনে প্রতিবাসীর গোরু আসিয়া কমণ্ডলু ভাঙ্গিবে, তৃতীয় দিনে প্রতিবাসীর গৃহিণী আসিয়া ঋষি-পত্নীকে অলঙ্কার দেখাইবে। তাহার পরই ঋষিকে ওকালতির পরীক্ষা দিতে হইবে, নতুবা ডেপুটি মাজিষ্ট্রেটের দরখাস্ত করিতে হইবে।

এক্ষণে সে সকল কথা যাক। যে বঙ্গবাসীর গৃহে আতিথ্য স্বীকার করিতে যাইতেছিলাম, তাঁহার উদ্যানে গাড়ী প্রবেশ করিলে তাহা কোন ধনবান্ হইরেজের হইবে বলিয়া আমার প্রথমে ভ্রম হইল। পরক্ষণেই সে ভ্রম গেল। বারাণস গুটিকত বাঙ্গালী বসিয়া আমার গাড়ী নিরীক্ষণ করিতেছিলেন, তাঁহাদের নিকটে গিয়া গাড়ী ধামিলে আমি গাড়ী হইতে অবতরণ করিলাম। আমাকে দেখিয়া তাঁহারা সকলেই সাদরে অগ্রসর হইলেন। না চিনিয়া যাহার অভিবাচন আমি সর্ব্বাঙ্গে গ্রহণ করিয়াছিলাম, তিনিই বাটীর কর্তা। তিনি শত লোক সমভিব্যাহারে থাকিলেও আমার দৃষ্টি বোধ হয় প্রথমেই তাঁহার মুখের প্রতি পড়িত। সেরূপ প্রসন্নতাব্যঞ্জক ওষ্ঠ আমি অতি অল্প দেখিয়াছি।

তখন তাঁহার বয়ঃক্রম বোধ হয় পঞ্চাশ অতীত হইয়াছিল, বৃদ্ধের তালিকায় তাঁহার নাম উঠিয়াছিল, তথাপি তাঁহাকে বড় সুন্দর দেখিয়া-ছিলাম। বোধ হয় সেই প্রথম আমি বৃদ্ধকে সুন্দর দেখি।

যে সময়ের কথা বলিতেছি, আমি তখন নিজে যুবা, অতএব সে বয়সে বৃদ্ধকে সুন্দর দেখা ধর্মসঙ্গত নহে। কিন্তু সে দিবস এরূপ ধর্মবিরুদ্ধ কার্য ঘটয়াছিল। এক্ষণে আমি নিজে বৃদ্ধ, কাজেই প্রায় বৃদ্ধকে সুন্দর দেখি। একজন মহাত্ম্যব বলিয়াছিলেন যে, মনুষ্য বৃদ্ধ না হইলে সুন্দর হয় না, এক্ষণে আমি তাঁহার ভূয়সী প্রশংসা করি।

প্রথম সম্ভাষণ সমাপন হইলে পর স্নানাদি করিতে যাওয়া গেল। স্নান গোহলথানায় ইংরেজী মতেই হইল, কিন্তু আহার ঠিক হিন্দুমতে হয় নাই, কেন না, তাহাতে পলাণ্ডুর আধিক্য ছিল। পলাণ্ডু হিন্দুধর্মের ষড় বিরোধী। তন্নিম্ন আহারের আর কোন দোষ ছিল না, সম্বত স্নাতপান, আর দেবীহুল্লভ ছাগমাংস, এই দুই-ই নির্দোষী।

পাক সম্বন্ধে পলাণ্ডুর উল্লেখ করিয়াছি, কিন্তু পিঁয়াজ উল্লেখ করাই আমার ইচ্ছা ছিল। পিঁয়াজ যাবনিক শব্দ, এই ভয়ে পলাণ্ডুর উল্লেখ করিয়া সাধুগণের মুখ পবিত্র রাখিয়াছি; কিন্তু পিঁয়াজ পলাণ্ডু এক দ্রব্য কি না, এ বিষয়ে আমার বহুকালাবধি সংশয় আছে। একবার পাঞ্জাব অঞ্চলের এক জন বৃদ্ধ রাজা জগন্নাথ দর্শন করিতে যাইবার সময় মেদিনীপুরে দুই এক দিন অবস্থিতি করেন। নগরের ভদ্রলোকেরা তাঁহার সহিত সাক্ষাৎ করিবার প্রার্থনা করিলে, তিনি কি প্রধান, কি লামাত্ত, সকলের সহিত সাক্ষাৎ করিয়া নানাপ্রকার আলাপ করিতে-ছিলেন, এমত সময় তাঁহাদের মধ্যে একজন যোড়হস্তে বলিলেন,

“আমরা শুনিয়াছিলাম যে, মহারাজ হিন্দুচূড়ামণি, কিন্তু আসিবার সময় আপনার পাকশালার সম্মুখে পলাণ্ডু দেখিয়া আসিয়াছি।” বিশ্বয়াপন্ন

রাজা “পলাণ্ডু।” এই শব্দ বার বার উচ্চারণ করিয়া তৎক্ষণাৎ তদারকের নিশ্চিত স্বয়ং উঠিলেন, নগরস্থ ভদ্রলোকেরাও তাঁহার পশ্চাদ্ভর্তী হইলেন। রাজা পাকশালার সম্মুখে দাঁড়াইলে, একজন বান্ধালী পিঁয়াজের স্তূপ দেখাইয়া দিল। রাজা তখন হাসিয়া বলিলেন, “ইহা পলাণ্ডু নহে; ইহাকে পিঁয়াজ বলে। পলাণ্ডু অতি বিষাক্ত সামগ্রী, তাহা কেবল ঔষধে ব্যবহার হয়। সকল দেশে তাহা জন্মে না; যে মাঠে জন্মে, সে মাঠেব বায়ু দূষিত হইয়া যায়, এই ভয়ে সে মাঠ দিয়া কেহ যাতায়াত করে না। সে মাঠে আর কোন ফসল হয় না।”

রাজার এই কথা যদি সত্য হয়, তাহা হইলে অনেকে নিশ্চিত হইতে পারেন। পলাণ্ডু আর পিঁয়াজ এক সামগ্রী কি না, তাহা পশ্চিম প্রদেশে অল্পসন্ধান হইতে পারে, বিশেষতঃ যে সকল বঙ্গবাসীরা সিন্ধুদেশ অঞ্চলে আছেন, বোধ হয় তাঁহারা অনায়াসেই এই কথার মীমাংসা কবিয়া লইতে পাবেন।

আহাবাণ্ডে বিশ্রামগৃহে বসিয়া বালকদিগের সহিত গল্প করিতে করিতে বালকদের শয়নঘর দেখিতে উঠিয়া গেলাম। ঘরটি বিলক্ষণ পরিসর, তাহার চারি কোণে চারিখানি খাট পাতা, মধ্যস্থলে আর একখানি খাট রহিয়াছে। জিজ্ঞাসা কবায বালকেরা বলিল, “চারি কোণে আমরা চারি জন শয়ন করি, আর মধ্যস্থলে মাষ্টর-মহাশয় থাকেন।” এই বন্দোবস্ত দেখিয়া বড পরিতৃপ্ত হইলাম। দিবাভাঙ্গ বালকদের কাছে শিক্ষক থাকার আবশ্যকতা অনেকে বুঝেন না।

বালকদের শয়নঘর হইতে বহির্গত হইয়া আর এক ঘরে দেখি, এক কাঁদি স্তূপক মর্জমান রঙা দোতুল্যমান রহিয়াছে, তাহাতে একখানি কাগজ ঝুলিতেছে, পড়িয়া দেখিলাম, নিত্য যত কমলী কাঁদি হইতে ব্যয় হয়, তাহাই তাহাতে লিখিত হইয়া থাকে। লোকে সচরাচর ইহাকে

ক্ষুদ্র দৃষ্টি, ছোট নজর ইত্যাদি বলে ; কিন্তু আমি তাহা কোনরূপে ভাবিতে পারিলাম না। যেক্রপ অশ্রান্ত বিষয়ের বন্দোবস্ত দেখিলাম, তাহাতে “কলাকাঁদির হিসাব” দেখিয়া বরং আরও চমৎকৃত হইলাম। বাহাদের দৃষ্টি ক্ষুদ্র, তাহারা কেবল সামান্য বিষয়ের প্রতিই দৃষ্টি রাখে, অশ্র বিষয় দেখিতে পায় না। তাহারা যথার্থই নীচ। কিন্তু আমি যাঁহার কথা বলিতেছি, দেখিলাম তাঁহার নিকট বৃহৎ সূক্ষ্ম সকলই সমভাবে পরিলক্ষিত হইয়া থাকে। অনেকে আছেন, বড় বড় বিষয় মোটামুটি দেখিতে পারেন, কিন্তু সূক্ষ্ম বিষয়ের প্রতি তাঁহার দৃষ্টি একেবারে পড়ে না। তাঁহাদের প্রশংসা করি না। যাঁহার বৃহৎ সূক্ষ্ম একত্র দেখিয়া কার্য্য করেন, তাঁহাদেরই প্রশংসা করি। কিন্তু একরূপ লোক অতি অল্প।

‘ “কলাকাঁদির ফর্দ” সঙ্ঘে বালকদের সহিত কথা কহিতে কহিতে জানিলাম যে, একদিন একজন চাকর লোভ সঞ্চার করিতে না পারিয়া দুইটি স্নপক রস্তু উদরস্থ করিয়াছিল, গৃহস্থের সকল বিষয়েই দৃষ্টি আছে, সকল বিষয়েরই হিসাব থাকে, কাজেই চুরি ধরা পড়িল। তখন তিনি চাকরকে ডাকিয়া চুরির জন্ত জরিমানা করিলেন। পরে তাহার লোভ পরিতৃপ্তি করিবার নিমিত্ত যত ইচ্ছা কাঁদি হইতে রস্তু খাইতে অল্পমতি করিলেন। চাকর উদর ভরিয়া রস্তু খাইল।

অপরাত্নে আমি উদ্ভানে পদচারণ করিতেছি, এমনত সময় গৃহস্থ “কাছারী” হইতে প্রত্যাগত হইলেন। পরে আমাকে সমভিব্যাহারে লইয়া বাগান, পুষ্করিণী, সমুদয় দেখাইতে লাগিলেন। যে স্থান হইতে যে বৃক্ষটি আনাইয়াছেন, তাহারও পরিচয় দিতে লাগিলেন। মধ্যাহ্নকালে “কলাকাঁদি” সঙ্ঘে যাহা দেখিয়াছি, এবং শুনিয়াছি, তাহা তখনও আমার মনে পুনঃ পুনঃ আলোচিত হইতেছিল ; কাজেই আমি কদলীবৃক্ষের

প্রসঙ্গ না করিয়া থাকিতে পারিলাম না। বলিলাম, “আমার ধারণা ছিল এ অঞ্চলে রজ্জা জন্মে না; কিন্তু আপনার বাগানে যথেষ্ট দেখিতেছি।” তিনি উত্তর করিলেন, “এখানে বাজারে কলা পাওয়া যায় না। পূর্বে কাহার বাটীতেও পাওয়া যাইত না, লোকের সংস্কার ছিল যে, এই প্রস্তরময় মৃত্তিকায় কলার গাছ রস পায় না, শুকাইয়া যায়। আমি তাহা বিশ্বাস না করিয়া, দেশ হইতে ‘তেড়’ আনিয়া পরীক্ষা করিলাম। এক্ষণে আমার নিকট হইতে ‘তেড়’ লইয়া সকল সাহেবই বাগানে লাগাইয়াছেন। এখন আর এখানে কদলীর অভাব নাই।”

এইরূপ কথাবার্তা কহিতে কহিতে আমরা উগানের এক প্রান্তভাগে আসিয়া উপস্থিত হইলাম, তথায় দুইটি স্বতন্ত্র ঘর দেখিয়া, আমি জিজ্ঞাসা করায় গৃহস্থ বলিলেন, “উহার একটিতে আমার নাপিত থাকে, অপরটিতে আমার ধোপা থাকে। উহার সম্পূর্ণ আমার বেতনভোগী চাকর নহে; তবে উভয়কে আমার বাটীতে স্থান দিয়া এক প্রকারে আবদ্ধ করিয়াছি, এখন যখনই আবশ্যক হয়, তখনই তাহাদের পাই। ধোপা, নাপিতের কষ্ট পূর্বে আব কোন উপায়ে নিবারণ করিতে পারি নাই।”

সন্ধ্যার পর দেখিলাম, শিক্ষক-সম্মুখে বালকেরা যে টেবিলে বসিয়া অধ্যয়ন করিতেছে, তথায় একত্র এক স্থানে তিনটি সেজ জলিতেছে। অত্র লোক ষাঁহারা কদলীর হিসাব রাখেন না, তাঁহারা বালকদের নিমিত্ত একটি সেজ দিয়া নিশ্চিন্ত হন, আর যিনি কদলীর হিসাব রাখেন, তিনি এই অতিরিক্ত ব্যয় কেন স্বীকার করিতেছেন জানিবার নিমিত্ত আমার কৌতূহল জন্মিল। শেষ আমি জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন, “ইহা অপব্যয় নহে, অল্প আলোকে অধ্যয়ন করিলে বালকদের চক্ষু দুর্বল হইবার সম্ভাবনা; যথেষ্ট আলোকে অধ্যয়ন করিলে চন্নিশের বহু পরে ‘চালশা’ ধরে।”

উচ্চপদস্থ সাহেবেবরা সর্বদাই তাঁহার বাটীতে আসিতেন, এবং তাঁহার সহিত কথাবার্তায় পরমাপ্যায়িত হইতেন। বাঙ্গালীরা ছোট বড় সকলেই তাঁহার সৌজন্যে বাধ্য ছিলেন, যে কুঠীতে তিনি বাস করিতেন, সেরূপ কুঠী সাহেবদেরও সচরাচর দেখিতে পাওয়া যায় না; কুঠীটি যেরূপ পরিস্কৃত ও স্নসজ্জীভূত ছিল, তাহা দেখিলে যথার্থই স্তম্ভ হয়, মনও পবিত্র হয়। মনের উপর বাসস্থানের আধিপত্য বিলক্ষণ আছে। যাহারা অপরিষ্কৃত ক্ষুদ্র ঘরে বাস করে, প্রায় দেখা যায়, তাহাদের মন সেইরূপ অপরিষ্কৃত ও ক্ষুদ্র। যিনি বিশ্বাস না করেন, তিনি বলিতে পারেন যে, যদি এ কথা সত্য হয়, তাহা হইলে প্রায় অধিকাংশ বাঙ্গালীর মন ক্ষুদ্র ও অপরিষ্কৃত হইত। আমরা এ কথা লইয়া কোন তর্ক করিব না, আমরা যেমন দেখিতে পাই, সেই মত শিথিয়াছি। যাহাকে উপলক্ষ করিয়া এই কথা বলিয়াছি, তাঁহার মন “কুঠী”র উপযোগী ছিল। সেরূপ কুঠীর ভাড়ায় যে ব্যক্তি বহু অর্থ ব্যয় করে, সে ব্যক্তি যদি কদলীর হিসাব রাখে, তাহা হইলে কি বুঝা কর্তব্য ?

রাত্রি দেড় প্রহরের সময় বাহকস্কন্ধে আমি ছোটনাগপুর যাত্রা করিলাম। তথা হইতে পালামো দুই চারি দিনের মধ্যে পৌঁছিলাম। পথের পরিচয় আর দিব না, এই কয়েক ছত্র লিখিয়া অনেককে জ্বালাতন করিয়াছি, আর বিরক্ত করিব না, এবার ইচ্ছা রহিল, মূল বিবরণ ভিন্ন অন্য কথা বলিব না, তবে যদি দুই একটি অতিরিক্ত কথা বলিয়া ফেলি, তাহা হইলে বয়সের দোষ বুঝিতে হইবে।

সেকালের হরকরা নামক ইংরেজী পত্রিকার দেখিতাম, কোম একজন মিলিটারি সাহেব “পেরেড” বৃত্তান্ত, “ব্যাণ্ডেব” বাণচর্চা প্রভৃতি মানা কথা পালামৌ হইতে লিখিতেন। আমি তখন ভাবিতাম, পালামৌ প্রবল সহর, সাহেবসমাকীর্ণ স্থেব স্থান। তখন জানিতাম না যে, পালামৌ শহব নহে, একটি প্রকাণ্ড পরগণামাত্র। শহর সে অঞ্চলেই নাই, নগর দূরে থাকুক, তথায় একখানি গণ্ডগ্রামও নাই, কেবল পাহাড় ও জঙ্গলে পরিপূর্ণ।

পাহাড় আর জঙ্গল বলিলে কে কি অনুভব করেন বলিতে পারি না। যাহাবা “কৃষ্ণচন্দ্র কৰ্ম্মকার কৃত” পাহাড় দেখিয়াছেন, আর যাহাদের গৃহপার্শ্বে শৃগালশ্রান্তিসংবাহক ভাটভেরাণ্ডার জঙ্গল আছে, তাঁহারা যে এ কথা সমগ্র অনুভব করিয়া লইবেন, ইহার আর সন্দেহ নাই। কিন্তু অল্প পাঠকের জ্ঞান সেই পাহাড় জঙ্গলের কথা কিঞ্চিৎ উত্থাপন করা আবশ্যক হইয়াছে। সকলের অনুভবশক্তি ত সমান নহে।

রাঁচি হইতে পালামৌ যাইতে যাইতে যখন বাহকগণের নির্দেশমত দূর হইতে পালামৌ দেখিতে পাইলাম, তখন আমার বোধ হইল যেন মর্ত্যে মেঘ করিয়াছে। আমি অনেক ক্ষণ দাঁড়াইয়া সেই মনোহর দৃশ্য দেখিতে লাগিলাম। ঐ অন্ধকার মেঘमध्ये এখনই যাইব, এই মনে করিয়া আমার কতই আফ্লাদ হইতে লাগিল। কত ক্ষণে পৌছিব মনে করিয়া আবার কতই ব্যস্ত হইলাম।

পরে চারি পাঁচ ক্রোশ অগ্রসর হইয়া আবার পালামৌ দেখিবার নিমিত্ত পান্ধী হইতে অবতরণ করিলাম। তখন আর মেঘভ্রম হইল না, পাহাড়গুলি স্পষ্ট চেনা যাইতে লাগিল; কিন্তু জঙ্গল ভাল চেনা গেল

না। তাহার পর আরও দুই এক ক্রোশ অগ্রসর হইলে, তাম্রাভ অরণ্য চারি দিকে দেখা যাইতে লাগিল ; কি পাহাড়, কি তলস্থ স্থান সমুদয় যেন মেঘদেহের স্তায় কুঞ্চিত লোমরাঞ্জিৎকারা সর্বত্র সমাচ্ছাদিত বোধ হইতে লাগিল। শেষ আরও কতক দূর গেলে বন স্পষ্ট দেখা গেল। পাহাড়ের গায়ে, নিম্নে, সর্বত্র জঙ্গল, কোথাও আর ছেদ নাই। কোথাও কর্ষিত ক্ষেত্র নাই, গ্রাম নাই, নদী নাই, পথ নাই, কেবল বন—ঘন নিবিড় বন।

পরে পালামো প্রবেশ করিয়া দেখিলাম, নদী, গ্রাম, সকলই আছে, দূর হইতে তাহা কিছুই দেখা যায় নাই। পালামো পরগণায় পাহাড় অসংখ্য, পাহাড়ের পর পাহাড়, তাহার পর পাহাড়, আবার পাহাড় ; যেন বিচলিত নদীর সংখ্যাভীত তরঙ্গ। আবার বোধ হয় যেন অবনীৰ অন্তরাগ্নি একদিনেই সেই তরঙ্গ তুলিয়াছিল। এখন আমার ঠিক স্মরণ হয় না, কিন্তু বোধ হয় যেন দেখিয়াছিলাম, সকল তরঙ্গগুলি পূর্ব দিক হইতে উঠিয়াছিল, কোন কোনটি পূর্ব দিক হইতে উঠিয়া পশ্চিম দিকে নামে নাই। এইরূপ অর্ধপাহাড় লাতেহারগ্রামপার্শ্বে একটি আছে, আমি প্রায় নিত্য তথায় গিয়া বসিয়া থাকিতাম। এই পাহাড়ের পশ্চিম ভাগে মৃত্তিকা নাই, স্মৃতরাং তাহার অন্তরস্থ সকল স্তর দেখা যায়, এক স্তরে ছুড়ি, আর এক স্তরে কাল পাথর, ইত্যাদি। কিন্তু কোন স্তরই সমুদ্র নহে, প্রত্যেকটি কোথাও উঠিয়াছে, কোথাও নামিয়াছে। আমি তাহা পূর্বে লক্ষ্য করি নাই, লক্ষ্য করিবার কারণ পরে ঘটিয়াছিল। এক দিন অপরাহ্নে এই পাহাড়ের মূলে দাঁড়াইয়া আছি, এমত সময়ে আমার একটা নেমোকহারাম ফরাসিস কুকুর (poodle) আপন ইচ্ছামত তাঁবুতে চলিয়া গেল, আমি রাগত হইয়া চীৎকার করিয়া তাহাকে ডাকিলাম। আমার পশ্চাতে সেই চীৎকার অভ্যাশ্চর্যরূপে প্রতিধ্বনিত

হইল। পশ্চাৎ ফিরিয়া পাহাড়ের প্রতি চাহিয়া আবার চীৎকার করিলাম, প্রতিধ্বনি আবার পূর্বমত হ্রস্ব দীর্ঘ হইতে হইতে পাহাড়ের অপর প্রান্তে চলিয়া গেল। আবার চীৎকার করিলাম, শব্দ পূর্ববৎ পাহাড়ের গায়ে লাগিয়া উচ্চ নীচ হইতে লাগিল। এইবার বুঝিলাম, শব্দ কোন একটি বিশেষ স্তর অবলম্বন করিয়া যায়; সেই স্তর যেখানে উঠিয়াছে বা নামিয়াছে, শব্দও সেইখানে উঠিতে নামিতে থাকে। কিন্তু শব্দ দীর্ঘকাল কেন স্থায়ী হয়, যত দূর পর্য্যন্ত সেই স্তরটি আছে, তত দূর পর্য্যন্ত কেন যায়, তাহা কিছুই বুঝিতে পারিলাম না; ঠিক যেন সেই স্তরটি শব্দ কন্ডাক্টর (conductor); যে পর্য্যন্ত ননকন্ডাক্টরের সঙ্গে সংস্পর্শ না হয়, সে পর্য্যন্ত শব্দ ছুটিতে থাকে।

আর একটি পাহাড় দেখিয়া চমৎকৃত হইয়াছিলাম। সেটি একশিলা, সমুদয়ে একখানি প্রস্তর। তাহাতে একেবারে কোথাও কণামাত্র মৃত্তিকা নাই, সমুদয় পরিষ্কার বাব্বাবু করিতেছে। তাহার এক স্থান অনেক দূর পর্য্যন্ত ফাটিয়া গিয়াছে, সেই ফাটার উপর বৃহৎ এক অশ্বখগাছ জন্মিয়াছে। তখন মনে হইয়াছিল, অশ্বখবৃক্ষ বড় রসিক, এই নীরস পাষাণ হইতেও রস গ্রহণ করিতেছে। কিছু কাল পরে আর একদিন এই অশ্বখগাছ আমার মনে পড়িয়াছিল, তখন ভাবিয়াছিলাম, বৃক্ষটি বড় শোষক, ইহার নিকট নীরস পাষাণেরও নিস্তার নাই। এখন বোধ হয় অশ্বখগাছটি আপন অবস্থানরূপ কার্য্য করিতেছে; সকল বৃক্ষই যে বাঙ্গালার রসপূর্ণ কোমল ভূমিতে জন্মগ্রহণ করিয়া বিনা কষ্টে কাল যাপন করিবে, এমত সম্ভব নহে। যাহার ভাগ্যে কঠিন পাষাণ, পাষাণই তাহার অবলম্বন। এখন আমি অশ্বখটির প্রশংসা করি।'

এক্কে সে সকল কথা যাউক, প্রথম দিনের কথা ছুই একটি বলি। অপরাহ্নে পালামৌয়ে প্রবেশ করিয়া উভয়পার্শ্ব পর্বতশ্রেণী দেখিতে

দেখিতে বনমধ্য দিয়া যাইতে লাগিলাম। বাধা পথ নাই, কেবল এক সংকীর্ণ গো-পথ দিয়া আমার পাক্কী চলিতে লাগিল, অনেক স্থলে উভয়-পার্শ্বস্থ লতা পল্লব পাক্কী স্পর্শ করিতে লাগিল। বনবর্ণনায় যেরূপ “শাল ভাল তমাল, হিন্তাল” স্তনিয়াছিলাম, সেরূপ কিছুই দেখিতে পাইলাম না। ভাল হিন্তাল একেবারেই নাই, কেবল শালবন, অল্প বঙ্গ গাছও আছে। শালের মধ্যে প্রকাণ্ড গাছ একটিও নাই, সকলগুলিই আমাদের দেশী কদম্ববৃক্ষের মত, না হয় কিছু বড়, কিন্তু তাহা হইলেও জঙ্গল অতি ছুর্গম, কোথাও তাহার ছেদ নাই, এই জন্ত ভয়ানক। মধ্যে মধ্যে যে ছেদ আছে, তাহা অতি সামান্য। এইরূপ বন দিয়া যাইতে যাইতে এক স্থানে হঠাৎ কাষ্ঠঘণ্টার বিষমকর শব্দ কর্ণগোচর হইল, কাষ্ঠঘণ্টা পূর্বে মেদিনীপুর অঞ্চলে দেখিয়াছিলাম। গৃহপালিত পশু বনে পথ হারাইলে, শকাব্দসরণ করিয়া ত হাদের অস্থসন্ধান করিতে হয়; এই জন্ত গলঘণ্টার উৎপত্তি। কাষ্ঠঘণ্টার শব্দ শুনিলে প্রাণের ভিতর কেমন করে। পাহাড় জঙ্গলের মধ্যে সে শব্দ আরও যেন অবসন্ন করে; কিন্তু সকলকে করে কি না তাহা বলিতে পারি না।

পরে দেখিলাম, একটি মহিষ সতয়ে মুখ তুলিয়া আমার পাক্কীর প্রতি একদৃষ্টিতে চাহিয়া আছে, তাহার গলায় কাষ্ঠঘণ্টা ঝুলিতেছে। আমি ভাবিলাম, পালিত মহিষ যখন নিকটে, তখন গ্রাম আর দূরে নহে। অল্প বিলম্বেই অর্ধশুষ্ক তৃণাবৃত একটি ক্ষুদ্র প্রান্তর দেখা গেল, এখানে সেখানে দুই একটি মধু বা মৌয়ারূক্ষ ভিন্ন সে প্রান্তরে গুল্ম কি লতা কিছুই নাই, সর্বত্র অতি পরিষ্কার। পর্ততচ্ছায়ায় সে প্রান্তর আরও রম্য হইয়াছে; তথায় কতকগুলি কোলবালক একত্র মহিষ চরাইতেছিল, সেরূপ কৃষ্ণবর্ণ কাস্তি আর কখন দেখি নাই; সকলের গলায় পুতির সাতনরী, ধুন্ধুকীর পল্লিবর্ন্তে এক একখানি গোল আরসী; পরিধানে

ধড়া ; কর্ণে বনফুল, কেহ মহিষপৃষ্ঠে শয়ন করিয়া আছে কেহ বা মহিষ-পৃষ্ঠে বসিয়া আছে ; কেহ কেহ নৃত্য করিতেছে। সকলগুলিই যেন কৃষ্ণঠাকুর বলিয়া বোধ হইতে লাগিল। যেরূপ স্থান, তাহাতে এই পাথুরে ছেলেগুলি উপযোগী বলিয়া বিশেষ সুন্দর দেখাইতেছিল, চারি দিকে কাল পাথর, পল্লভ পাথুরে, তাহাদের রাখালও সেইরূপ। এই স্থলে বলা আবশ্যক, এ অঞ্চলে মহিষ ভিন্ন গোরু নাই। আর বালকগুলি কোলের সন্তান।

এই অঞ্চলে প্রধানতঃ কোলের বাস। কোলেরা বচু জাতি, ধর্মাকৃতি, রক্ষবর্ণ ; দেখিতে কুৎসিত কি রূপবান্, তাহা আমি মীমাংসা করিতে পারি না। যে সকল কোল কঙ্কিকাতা আইসে বা চা-বাগানে যায়, তাহাদের মধ্যে আমি কাহাকেও রূপবান্ দেখি নাই ; বরং অতি কুৎসিত বলিয়া বোধ কবিয়াছি। কিন্তু স্বদেশে কোল মাত্রেই রূপবান্, অস্ততঃ আমার চক্ষে। বন্তেরা বনে সুন্দর ; শিশুরা মাতৃক্রোড়ে।

প্রান্তরেব পর এক ক্ষুদ্র গ্রাম, তাহার নাম অরণ নাই ; তথায় ত্রিশ বত্রিশটি গৃহস্থ বাস করে। সকলেবই পর্ণকুটীর। আমার পান্ধী দেখিতে যাবতীয় স্ত্রীলোক ছুটিয়া আসিল। সকলেই আবলুসের মত কাল, সকলেই যুবতী, সকলের কটিদেশে একখানি করিয়া ক্ষুদ্র কাপড় জড়ান ; সকলেরই কক্ষ, বক্ষ আবরণশূন্য। সেই নিরাবৃত বক্ষে পুতির সাতনরী, তাহাতে ক্ষুদ্র ক্ষুদ্র আরসী ঝুলিতেছে ; কর্ণে ক্ষুদ্র ক্ষুদ্র বনফুল, মাথায় বড় বড় বনফুল। যুবতীরা পরস্পর কাঁধ ধরাধরি করিয়া দেখিতে লাগিল, কিন্তু দোঁখল কেবল পান্ধী আর বেহারা। পান্ধীর ভিতরে কে বা কি, তাহা কেহই দেখিল না। আমাদের বাঙ্গালায়ও দেখিয়াছি, পল্লীগ্রামে বালক বালিকারা প্রায় পান্ধী আর বেহারা দেখিয়া ক্ষান্ত হয়। তবে যদি সঙ্গে বাঘ থাকে, তাহা হইলে “বর-কনে” দেখিবার নিমিত্ত

শাক্তীর ভিতর দৃষ্টিপাত করে। যিনি শাক্তী চড়েন, স্তূতরাং তিনি ছুর্ভাগ্য, কিন্তু গ্রাম্য বালক বালিকারাও অতি নির্ভুর, অতি নির্দয়।

তাহার পর আবার কতক দূর গিয়া দেখিলাম, পথশ্রান্তা যুবতীরা মদের ভাঁটিতে বসিয়া মত্ত পান করিতেছে। গ্রামমধ্যে যে যুবতীদের দেখিয়া আসিয়াছি, ইহারাও আকারে অলঙ্কারে অবিকল সেইরূপ, যেন তাহারাই আসিয়া বসিয়াছে। যুবতীরা উভয় জাহ্নুদ্বারা ভূমি স্পর্শ করিয়া দুই হস্তে শালপত্রের পাত্র ধরিয়া মত্ত পান করিতেছে, আর ঈষৎ হাশ্ববদনে সঙ্গীদের দেখিতেছে। জাহ্নু স্পর্শ করিয়া উপবেশন করা কোলজাতির স্ত্রীলোকদিগের রীতি ; বোধ হয় যেন সাঁওতালদিগেরও এই রীতি দেখিয়াছি। বনের মধ্যে যেখানে সেখানে মদের ভাঁটি দেখিলাম, কিন্তু বাঙ্গালায় ভাঁটিধানায় যেরূপ মাতাল দেখা যায়, পালামো পরগণায় কোন ভাঁটিধানায় তাহা দেখিলাম না। আমি পরে তাহাদের আহার ব্যবহার সকলই দেখিতাম, কিছুই তাহারা আমার নিকট গোপন করিত না, কিন্তু কখন স্ত্রীলোকদের মাতাল হইতে দেখি নাই, অথচ তাহারা পানকুঠ নহে। তাহাদের মদের মাদকতা নাই, এ কথাও বলিতে পারি না। সেই মদ পুরুষেরা খাইয়া সর্বদা মাতাল হইয়া থাকে।

পূর্বে কয়েক বার কেবল যুবতীর কথাই বলিয়াছি, ইচ্ছাপূর্বক বলিয়াছি এমন নহে। বাঙ্গালার পথে, ঘাটে, বৃদ্ধাই অধিক দেখা যায়, কিন্তু পালামো অঞ্চলে যুবতীই অধিক দেখা যায়। কোলের মধ্যে বৃদ্ধা অতি অল্প, তাহারা অধিকবয়ঃ হইলেও যুবতীই থাকে, অশীতিপরায়ণা না হইলে তাহারা লোলচর্খা হয় না। অতিশয় পরিশ্রমী বলিয়া গৃহকার্য কৃষিকার্য সকল কার্যই তাহারা করে, পুরুষেরা স্ত্রীলোকের স্তায় কেবল বসিয়া সন্তান রক্ষা করে, কখন কখন চাটাই বুনে। আলস্য জন্ম পুরুষেরা

বঙ্গমহিলাদের স্ত্রী শীঘ্র বৃদ্ধ হইয়া যায়, স্ত্রীলোকেরা শ্রমহেতু স্থিরযৌবনা থাকে।

লোকে বলে, পশুপক্ষীর মধ্যে পুরুষ জাতিই বলিষ্ঠ ও সুন্দর ; মনুষ্য মধ্যেও সেই নিয়ম। কিন্তু কোলদের দেখিলে তাহা বোধ হয় না, তাহাদের স্ত্রীজাতিরাই বলিষ্ঠা ও আশ্চর্য্য কান্তিবিশিষ্টা। কিন্তু তাহাদের বয়ঃপ্রাপ্ত পুরুষদের গায়ে খড়ি উঠিতেছে, চক্ষু মাছি উড়িতেছে, মুখে হাসি নাই, যেন সকলেরই জীবনীশক্তি কমিয়া আসিয়াছে। আমার বোধ হয় কোলজাতির ক্ষয় ধরিয়াছে। ব্যক্তিবিশেষের জীবনীশক্তি যেরূপ কমিয়া যায়, জাতিবিশেষেবও জীবনীশক্তি সেইরূপ ক্ষয়প্রাপ্ত হয়, ক্রমে ক্রমে লোপ পায়। মনুষ্যের মৃত্যু আছে, জাতিবও লোপ আছে।

এই পরগণার পর্বতে স্থানে স্থানে অসুরেরা বাস করে, আমি তাহাদের দেখি নাই, তাহারা কোলদের সহিত বা অল্প কোন বঙ্গ জাতির সহিত বাস করে না। শুনিয়াছি, অল্পজাতীয় মনুষ্য দেখিলে তাহারা পলায় ; পর্বতের অতি নিভৃত স্থানে থাকে বলিয়া তাহাদের অনুসন্ধান করা কঠিন। তাহাদের সংখ্যা নিতান্ত অল্প হইয়া পড়িয়াছে। পূর্বকালে যখন আর্যেরা প্রথমে ভারতবর্ষে আসেন, তখন অসুরগণ অতি প্রবল ও তাহাদের সংখ্যা অসীম ছিল। অসুরেরা আসিয়া আর্যগণের গোরু কাড়িয়া লইয়া যাইত, ঘৃত খাইয়া পলাইত, আর্যেরা নিরুপায় হইয়া কেবল হস্তকে ডাকিতেন, কখন কখন দলবল জুটিয়া লাঠালাঠিও করিতেন। শেষে বহু কাল পরে যখন আর্যগণ উন্নত ও শক্তিসম্পন্ন হইলেন, তখন অসুরগণকে তাড়াইয়াছিলেন। পরাজিত অসুরগণ ভাল ভাল স্থান আর্যদের ছাড়িয়া দিয়া আপনারা দুর্গম পাহাড় পর্বতে গিয়া বাস স্থাপন করে। অত্যাধি সেই পাহাড়পর্বতে তাহারা আছে, কিন্তু আর তাহাদের বল বীৰ্য্য নাই ; আর সে অসীম সংখ্যাও তাহাদের

নাই। এক্ষণে যেক্রম অবস্থা, তাহাতে অসুরকুল ধ্বংস হইয়াছে বলিলেও অসুর হয় না; যে দশ পাঁচ জন এখানে সেখানে বাস করে, আর কিছু দিনের পর তাহারাও থাকিবে না।

জাতিলোপ মধ্যে মধ্যে হইয়া থাকে, অনেক আদিম জাতির লোপ হইয়া গিয়াছে, অসু্যপি হইতেছে। জাতিলোপের হেতু দর্শনবিদগণের মধ্যে কেহ কেহ বলেন যে, পরাজিত জাতির বিজয়ী কর্তৃক বিতাড়িত হইয়া অতি অযোগ্য স্থানে গিয়া বাস করিলে, পূর্কস্থানে যে সকল সুবিধা ছিল, তাহার অভাবে ক্রমে তাহারা অবনত ও অবসন্ন হইয়া পড়ে। এ কথা অনেক স্থলে সত্য সন্দেহ নাই, অসুরগণের পক্ষে তাহাই খাটিয়াছিল বোধ হয়। কিন্তু সাঁওতালেরাও এক সময় আর্যগণ কর্তৃক বিতাড়িত হইয়া দামিনীকোতে পলায়ন করিয়াছিল। সেই অবধি অনেক কাল তথায় বাস করে, অসু্যপিও তথায় ধাগ সাঁওতালেরা বাস করিতেছে, পূর্কাপেক্ষা তাহাদের যে কুলক্ষয় হইয়াছে, এমত শুনা যায় না।

মারকিন ও অসু্যগ্র দেশে যেখানে সাহেবেরা গিয়া রাজ্য স্থাপন করিয়াছেন, সেখানকার আদিমবাসীরা ক্রমে ক্রমে লোপ পাইতেছে, তাহার কারণ কিছুই অসু্যভব হয় না। রেড ইণ্ডিয়ান, নাটিক ইণ্ডিয়ান, নিউ জিলাণ্ডার, নিউ হল্যাণ্ডার, তাম্বানীয় প্রভৃতি কত জাতি লোপ পাইতেছে। মৌরিনামক আদিম জাতি বলিষ্ঠ, বুদ্ধিমান, কশ্মঠ বলিয়া পরিচিত, তাহারাও সাহেবদের অধিকারে ক্রমে লোপ পাইতেছে। ১৮৪৮ সালে তাহাদের সংখ্যা এক লক্ষ ছিল, বিশ বৎসর পরে ৩৮ হাজার হইয়া গিয়াছিল, এক্ষণে সে জাতির অবস্থা কি, তাহা জানি না। বোধ হয় এত দিনে লোপ পাইয়া থাকিবে, অথবা যদি এত দিন থাকে, তবে অতি সামান্য অবস্থায় আছে। মৌরি দুর্কল নহে, তৎসম্বন্ধে এক জন

সাহেব লিখিয়াছেন, 'He is the noblest of savages, not equalled by the best of the Red Indians.' তথাপি এ জাতি লোপ পায় কেন ? তুমি বলিবে সাহেবদের অত্যাচারে ? তাহা কদাচ নহে, ক্যানেনডার অধিবাসী সশস্ত্রে সাহেবেরা কতই যত্ন করিয়াছিলেন, কিছুতেই তাহাদের কুলক্ষয় রক্ষা করিতে পারেন নাই। ডাক্তার গিকি লিখিয়াছেন যে, "In Canada for the last fifty years the Indians have been treated with paternal kindness but the wasting never stops * * * * The Government has built them houses, furnished them with ploughs, supplied them constantly with rifles, ammunition, and clothes, paid their medical attendants * * * but the result is merely this that their extinction goes on more slowly than it otherwise would." সমাজোপযোগী ভাল স্থান ত্যাগ করিয়া বিপরীত স্থানে ত এই জাতিদেব যাইতে হয় নাই, তবে তাহাদের কুললোপ হইল কেন ?

কেহ কেহ বলেন যে, সাহেবদের সংস্পর্শে দোষ আছে। প্রধান জাতির সংস্পর্শে আসিলে সামান্ত জাতিরা অবশ্য কতকটা উদ্বিগ্ন ও অবসন্ন হইয়া পড়ে। এ কথাই প্রত্যুত্তরে এক জন সাহেব লিখিয়াছেন যে, ভারতবর্ষে কতই সামান্ত জাতি বাস করে, কিন্তু শ্বেতকায় জাতির সংস্পর্শে তাহাদের ত কুলবৃদ্ধির ব্যাঘাত হয় না।

আমরা এ কথা সশস্ত্রে এইমাত্র বলিতে পারি যে, ভারতবর্ষের আদিম জাতিদের কুলক্ষয় অনেক দিন আরম্ভ হইয়াছে, কিন্তু ইংরেজদের সমাগমের পর কোন জাতির ক্ষয় ধরিয়্যাছে, এমত নিশ্চয় বলিতে পারি না। তবে কোলদের সশস্ত্রে কিছু সন্দেহ করা যাইতে পারে, তাহার

কারণ, আর এক সময় সমালোচনা করা যাইবে। এক্ষণে এ সকল কথা ষাউক, অনেকের নিকট ইহা শিবের গীত বোধ হইবে। কিন্তু এ বয়সে যখন যাহা মনে হয়, তখনই তাহা বলিতে ইচ্ছা যায়; লোকের ভাল লাগিবে না, এ কথা মনে তখন থাকে না। যাহাই হউক, আগামী বারে সতর্ক হইব। কিন্তু যে কথার আলোচনা আরম্ভ করা গিয়াছিল, তাহা শেষ হয় নাই। ইচ্ছা ছিল, এই উপলক্ষে বাঙ্গালীর কথা কিছু বলি। কিন্তু চারি দিকে বাঙ্গালীর উন্নতি লইয়া বাহবা পড়িয়া গিয়াছে, বাঙ্গালী ইংরেজী শিখিতেছে, উপাধি পাইতেছে, বিলাত যাইতেছে, বাঙ্গালী সভ্যতার সোপানে উঠিতেছে, বাঙ্গালীর আর ভাবনা কি? এ সকল ত বাহ্যিক ব্যাপার। বঙ্গসমাজের আভ্যন্তরিক ব্যাপার কি একবার অমুসন্ধান করিলে ভাল হয় না? স্মরণিতৈছি, গণনায় বঙ্গবাসীদের সংখ্যা বাড়িতেছে। বড়ই ভাল!

৩

পূর্বে একবার “লাতেহার” নামক পাহাড়ের উল্লেখ করিয়াছিলাম। সেই পাহাড়ের কথা আবার লিখিতে বসিয়াছি বলিয়া আমার আহ্লাদ হইতেছে। পুরাতন কথা বলিতে বড় সুখ, আবার বিশেষ সুখ এই যে, আমি শ্রোতা পাইয়াছি। তিন চারিটি নিরীহ ভদ্রলোক, বোধ হয় তাঁহাদের বয়স হইয়া আসিতেছে, পুরাতন কথা বলিতে শীঘ্র আরম্ভ করিবেন এমন উমেদ রাখেন, বঙ্গদর্শনে আমার লিখিত পালামো-পর্যটন পড়িয়াছেন, আবার ভাল বলিয়াছেন। প্রশংসা অতিরিক্ত; তুমি প্রশংসা কর আর না কর, বৃদ্ধ বলিয়া তোমায় পুরাতন কথা স্মরণাবে, তুমি স্মরণ বা না স্মরণ, সে তোমায় স্মরণাবে, পুরাতন কথা এইরূপে থেকে

যায়, সমাজের পুঁজি বাড়ে। আমার গল্পে কাহার পুঁজি বাড়িবে না, কেন না, আমার নিজের পুঁজি নাই। তথাপি গল্প করি, তোমরা তুমিনিয়া আমায় চিরবাধিত কর।

নিত্য অপরাহ্নে আমি লাতেহার পাহাড়ের ক্রোড়ে গিয়া বসিতাম, তাঁবুতে শত কার্য থাকিলেও আমি তাহা ফেলিয়া যাইতাম; চারিটা বাজিলে আমি অস্থির হইতাম; কেন তাহা কখনও ভাবিতাম না; পাহাড়ে কিছুই নূতন নাই; কাহার সহিত সাক্ষাৎ হইবে না, কোন গল্প হইবে না, তথাপি কেন আমায় সেখানে যাইতে হইত জ্ঞানি না। এখন দেখি, এ বেগ আমার একার নহে। যে সময়ে উঠানে ছায়া পড়ে, নিত্য সে সময় কুলবধুর মন মাতিয়া উঠে, জল আনিতে যাইবে; জল আছে বলিলেও তাহারা জল ফেলিয়া জল আনিতে যাইবে; জলে যে যাইতে পাইল না, সে অভাগিনী। সে গৃহে বসিয়া দেখে উঠানে ছায়া পড়িতেছে, আকাশে ছায়া পড়িতেছে, পৃথিবীর রং ফিবিতেছে, বাহির হইয়া সে তাহা দেখিতে পাইল না, তাহার কত দুঃখ। বোধ হয়, আমিও পৃথিবীর রং ফেরা দেখিতে যাইতাম। কিন্তু আর একটু আছে, সেই নির্জন স্থানে মনকে একা পাইতাম, বালকের শ্রায় মনের সহিত ক্রীড়া করিতাম।

এই পাহাড়ের ক্রোড অতি নির্জন, কোথাও ছোট জঙ্গল নাই, সর্বত্র শাস। অতি পরিষ্কার, তাহাও বাতাস আসিয়া নিত্য ঝাড়িয়া দেয়। মৌয়া গাছ তথায় বিস্তর। কতকগুলি একত্রে গলাগলি করে বাস করে, আর কতকগুলি বিধবার শ্রায় এখানে সেখানে একাকী থাকে। তাহারই মধ্যে একটিকে আমি বড় ভাল বাসিতাম, তাহার নাম “কুমারী” রাখিয়াছিলাম। কখন তাহার ফল কি ফুল হয় নাই; কিন্তু তাহার ছায়া বড় শীতল ছিল। আমি সেই ছায়ায় বসিয়া “তুমিনিয়া” দেখিতাম।

এই উচ্চ স্থানে বসিলে পাঁচ সাত ক্রোশ পর্যন্ত দেখা বাইত। দূরে চারি দিকে পাহাড়ের পরিধা, যেন সেইখানে পৃথিবীর শেষ হইয়া গিয়াছে। সেই পরিধার নিম্নে গাঢ় ছায়া, অল্প অন্ধকার বলিলেও বলা যায়। তাহার পর জঙ্গল। জঙ্গল নামিয়া ক্রমে স্পষ্ট হইয়াছে। জঙ্গলের মধ্যে দুই একটি গ্রাম হইতে ধীরে ধীরে ধূম উঠিতেছে, কোন গ্রাম হইতে হয়ত বিষম ভাবে মাদল বাজিতেছে, তাহার পরে আমার তাঁবু, যেন একটি ষ্ঠেত কপোতী জঙ্গলের মধ্যে একাকী বসিয়া কি ভাবিতেছে। আমি অন্তমনস্কে এই সকল দেখিতাম; আর ভাবিতাম, এই আমার “দুনিয়া।”

একদিন এই স্থানে স্নেহে বসিয়া চারি দিক্ দেখিতেছি, হঠাৎ একটি লতার ঞ্চতি দৃষ্টি পড়িল; তাহার একটি ডালে অনেক দিনের পর চারি পাঁচটি ফুল ফুটিয়াছিল। লতা অহ্লাদে তাহা আর গোপন করিতে পারে নাই, যেন কাহারো দেখাইবার জন্ত ডালটি বাড়াইয়া দিয়াছিল। একটি কালোকোলো বড় গোচের ভ্রমর তাহার চারি দিকে ঘুবিয়া বেড়াইতেছিল; আর এক একবার সেই লতায় বসিতেছিল। লতা তাহাকে নারাজ, ভ্রমর বসিলেই অস্থির হইয়া মাথা নাড়িয়া উঠে। লতাকে এইরূপ সচেতনের স্ময় রঙ্গ করিতে দেখিয়া আমি হাসিতেছিলাম, এমত সময়ে আমার পশ্চাতে উচ্চারিত হইল,

“রাধে মহুং পরিহর হরিঃ পাদমূলে তবায়ং।”

আমি পশ্চাৎ ফিরিলাম, দেখিলাম কেহই নাই, চারি দিক্ চাহিলাম, কোথায়ও কেহ নাই। আমি আশ্চর্য্য হইয়া ভাবিতেছি, এমত সময়ে আবার আর এক দিকে শব্দিত হইল,

“রাধে মহুং” ইত্যাদি।

আমার শরীর রোমাঞ্চ হইল, আমি সেই দিকে কতক সভয়ে, কতক কৌতুহলপরবশে গেলাম। সে দিকে গিয়া আর কিছুই শুনিতে

পাইলাম না। কিয়ৎ পরেই “কুমারীর” ডাল হইতে সেই শ্লোক আবার উচ্চারিত হইল, কিন্তু তখন শ্লোকের স্পষ্টতা আর পূর্বমত বোধ হইল না, কেবল স্বর আর ছন্দ শুনা গেল। “কুমারীর” মূলে আসিয়া দেখি, হরিয়াল ঘুমুর শ্রায় একটি পক্ষী আর একটির নিকট মাথা নাড়িয়া এই ছন্দে আক্ষালন করিতে করিতে অগ্রসর হইতেছে, পক্ষিণী তাহাকে ডানা মারিয়া সরিয়া যাইতেছে, কখন কখন অল্প ডালে গিয়া বসিতেছে। এবার আমার আশঙ্কি দূর হইল, আমি মন্দাক্রান্তাচ্ছনের একটিমাত্র শ্লোক জানিতাম; ছন্দটি উচ্চারণ মাত্রেই শ্লোকটি আমার মনে আসিয়াছিল, সঙ্গে সঙ্গে কর্ণেও তাহার কার্য্য হইয়াছিল, আমি তাহাই শুনিয়াছিলাম “রাধে মন্থ্যং”। কিন্তু পক্ষী বর্ণ উচ্চারণ করে নাই, কেবল ছন্দ উচ্চারণ করিয়াছিল। তাহা যাহাই হউক, আমি অবাক হইয়া পক্ষীর মুখে সংস্কৃত ছন্দ শুনিতে লাগিলাম। প্রথমে মনে হইল, যিনি ‘উদ্ধবদূতঃ’ লিখিয়াছেন, তিনি হয়ত এই জাতি পক্ষীর নিকট ছন্দ পাইয়াছিলেন। শ্লোকটির সঙ্গে এই “কুঞ্জকীরামুবাদের” বড় সুরসঙ্গতি হইয়াছে। শ্লোকটি এই—

রাধে মন্থ্যং পরিহর হরিঃ পাদমূলে তবায়ং ।

জাতং দৈবাদসদৃশমিদং বারমেকং ক্ষমস্ব ॥

এতানাকর্ণয়সি নয়বন্ কুঞ্জকীরামুবাদান ।

এভিঃ জুরৈর্বয়মবিরতং বক্ষিতাঃ বক্ষিতাঃ স্যঃ ॥

উদ্ধব মথুবা হইতে বৃন্দাবনে আসিয়া রাধার কুঞ্জে উপস্থিত হইলে গোপীগণ আপনাদের দুঃখের কথা তাঁহার নিকট বলিতেছেন, এমত সময়ে কুঞ্জের একটা পক্ষী বৃক্ষশাখা হইতে বলিয়া উঠিল, “রাধে আর রাগ করিও না। চেয়ে দেখ, স্বয়ং হরি তোমার পদতলে। দৈবাৎ যাহা হইয়া গিয়াছে, একবার তাহা ক্ষমা কর।” গোপীরা এত বার

এই কথা রাখিকাকে বলিয়াছে যে, কুঞ্জ-পক্ষীরা তাহা শিখিয়াছিল।
যাহা শিখিয়াছিল, অর্থ না বুঝিয়া পক্ষীরা তাহা সর্বদাই বলিত।
গোপীরা উদ্ধবকে বলিলেন, “স্তনুলে—কুঞ্জের ঐ পাখী কি বলিল—
স্তনুলে ? একে বিধাতা আমাদের বঞ্চনা করেছেন, আবার দেখ, পোড়া
পক্ষীও কত দঙ্কাচ্ছে।”

পক্ষী আবার বলিল, “রাধে মনু্যং পরিহর হরিঃ পাদমূলে তবায়ং”।
তাহাই বলিতেছিলাম, বিহঙ্গচ্ছন্দে বিহঙ্গের উক্তি বড় সুন্দর হইয়াছিল।

ছন্দ কি গীত শিখাইলে অনেক পক্ষী তাহা শিখিতে পারে ; কি
ছন্দ যে কোন পক্ষীর স্বরে স্বাভাবিক আছে, তাহা আমি জানিতাম ন
সুতরাং বস্তু পক্ষীর মুখে ছন্দ শুনিয়া বড় চমৎকৃত হইয়াছিলাম।
পক্ষীটির সঙ্গে কতই বেড়াইলাম, কত বার এই ছন্দ শুনিতাম, শেষ
সন্ধ্যা হইলে তাঁবুতে ফিরিয়া আসিলাম। পথে আসিতে আসিতে মনে
হইল, যদি এখানে কেহ ডারউইন সাহেবের ছাত্র থাকিতেন, তিনি
ভাবিতেন, নিশ্চয়ই এ পক্ষীটি রাধাকুঞ্জের শিক্ষিত পক্ষীর বংশ, বৈজিক
কারণে পূর্বপুরুষের অভ্যস্ত শ্লোক ইহার কণ্ঠে আপনি আসিয়াছে।
বৈষ্ণবদের উচিত, এ বংশকে আপন আপন কুঞ্জে স্থান দেন। রাধা-
কুঞ্জের সকল গিয়াছে, সকল ফুরাইয়াছে, কেবল এই বংশ আছে।
আমার ইচ্ছা আছে, একটি হরিমাল পাঠন করি, দেখি সে “রাধে মনু্যং
পরিহর” বলে কি না বলে।

আর এক দিনের কথা বলি ; তাহা হইলেই লাতেহার পাহাড়ের
কথা আমার শেষ হয়। যেরূপ নিত্য অপরাহ্নে এই পাহাড়ে যাইতাম,
সেইরূপ আর এক দিন যাইতেছিলাম, পথে দেখি, একটি যুবা বীরদর্পে
পাহাড়ের দিকে যাইতেছে, পশ্চাতে কতকগুলি স্ত্রীলোক তাহাকে
সাধিতে সাধিতে সঙ্গে যাইতেছে। আমি ভাবিলাম, যখন স্ত্রীলোক

সাধিতেছে, তখন যুবর রাগ নিশ্চয় ভাতের উপর হইয়াছে ; আমি বাঙ্গালী, স্মতরাং এ ভিন্ন আর কি অল্পভব করিব ? এক কালে একুপ রাগ নিজেও কত বার করিয়াছি, তাহাই অন্তের বীরদর্প বুঝিতে পারি।

যখন আমি নিকটবর্তী হইলাম, তখন স্ত্রীলোকেরা নিরন্ত হইয়া এক পার্শ্বে দাঁড়াইল। বৃত্তান্ত জিজ্ঞাসা করায় যুবা সদর্পে বলিল, “আমি বাঘ মারিতে যাইতেছি, এইমাত্র আমার গোরুকে বাঘে মারিয়াছে। আমি ব্রাহ্মণ-সন্তান ; সে বাঘ না মারিয়া কোন্ মুখে আর জল গ্রহণ করিব ?” আমি কিঞ্চিৎ অশ্রুতিভ হইয়া বলিলাম, “চল, আমি তোমার সঙ্গে যাইতেছি।” আমার অদৃষ্টদোষে বগলে বন্দুক, পায় বুট, পরিধানে কোট পেণ্টুলন, বাস তাঁবুতে ; স্মতরাং এ কথা না বলিলে ভাল দেখায় না, বিশেষতঃ অনেক আমায় সাহেব বলিয়া জানে, অতএব সাহেবি ধরণে চলিলাম, কিন্তু নিঃসঙ্কোচচিত্তে। আমি স্বভাবতঃ বড় ভীত, তাহা বলিয়া ব্যাঘ্র ভল্লুক শব্দকে আমার কখন ভয় হয় নাই। বৃদ্ধ শিকারীরা কত দিন পাহাড়ে একাকী যাইতে আমায় নিষেধ করিয়াছে, কিন্তু আমি তাহা কখনও গ্রাহ্য করি নাই, নিত্য একাকী যাইতাম ; বাঘ আসিবে, আমায় ধরিবে, আমায় ধাইবে, এ সকল কথা কখনও আমার মনে আসিত না। কেন আসিত না, তাহা আমি এখনও বুঝিতে পারি না। সৈনিক পুরুষদের মধ্যে অনেকে আপনার ছায়া দেখিয়া ভয় পায়, অথচ অম্লান বদনে রণক্ষেত্রে গিয়া রণ করে। গুলি কি তরবার তাহার অঙ্গে প্রবিষ্ট হইবে, এ কথা তাহাদের মনে আইসে না। যত দিন তাহাদের মনে এ কথা না আইসে, তত দিন লোকের নিকট তাহারা সাহসী ; যে বিপদ না বুঝে, সেই সাহসিক। আদিম অবস্থায় সকল পুরুষই সাহসী ছিল, তাহাদের তখন ফলাফলজ্ঞান হয় নাই। জঙ্গলীদের মধ্যে অষ্টাপি

দেখা যায়, সকলেই সাহসী, ইউরোপীয় সভ্যদের অপেক্ষাও অনেক অংশে সাহসী; হেতু ফলাফলবোধ নাই। আমি তাহাই আমার সাহসের বিশেষ গৌরব করি না। সভ্যতার সঙ্গে সঙ্গে সাহসের তাপ কমিয়া আইসে; পেনাল কোড যত ভাল হয়, সাহস তত অস্বর্হিত হয়। এখন এ সকল কচকচি যাক।

যুবার সঙ্গে কতক দূর গেলে সে আমায় বলিল, “বাঘটি আমি স্বহস্তে মারিব।” আমি হাসিয়া সম্মত হইলাম। যুবা আর কোন কথা না বলিয়া চলিল। তখন হইতে নজের প্রতি আমার কিঞ্চিৎ ভাল বাসার সঞ্চার হইল। “স্বহস্তে মারিব” এই কথায় বুঝাইয়াছিল যে, পরহস্তে বাঘ মরা সম্ভব; আমি সাহেববেশধারী, অবশ্য বাঘ মারিলে মারিতে পারি, যুবা এ কথা নিশ্চয়ই ভাবিয়াছিল, তাহাতেই আমি কৃতার্থ হইয়াছিলাম। তাহার পর কতক দূর গিয়া উভয়ে পাহাড়ে উঠিতে লাগিলাম। যুবা অগ্রে, আমি পশ্চাতে। যুবার স্কন্ধে টাঙ্গী, সে একবার তাহা স্কন্ধ হইতে নামাইয়া তীক্ষ্ণতা পরীক্ষা করিয়া দেখিল, তাহার পর কতক দূর গিয়া মুহূর্ত্তেরে আমাকে বলিল, আপনি জুতা খুলুন, শব্দ হইতেছে। আমি জুতা খুলিয়া খালি পায় চলিতে লাগিলাম, আবার কতক দূর গিয়া বলিল, “আপনি এইখানে দাঁড়ান, আমি একবার অল্পসন্ধান করিয়া আসি।” আমি দাঁড়াইয়া থাকিলাম, যুবা চলিয়া গেল। প্রায় দণ্ডেক পরে যুবা আসিয়া অতি প্রফুল্লবদনে বলিল, “হইয়াছে, সন্ধান পাইয়াছি, শীঘ্র আসুন, বাঘ নিদ্রা যাইতেছে।” আমি সঙ্গে গিয়া দেখি, পাহাড়ের এক স্থানে প্রকাণ্ড দীর্ঘিকার গায় একটি গর্ভ বা গুহা আছে, তাহার মধ্যস্থানে প্রস্তরনির্মিত একটি কুটার, চতুঃপার্শ্বস্থ স্থান তাহার প্রাঙ্গণস্বরূপ। যুবা সেই গর্ভের নিকটে এক স্থানে দাঁড়াইয়া অতি সাবধানে ব্যাঘ্র দেখাইল। প্রাঙ্গণের এক পার্শ্বে ব্যাঘ্র নিরীহ ভাল

মানুষের স্মরণ চোখ বুজিয়া আছে, মুখের নিকট স্নানর নখরসংযুক্ত একটি খাবা দর্পণের স্মরণ ধরিয়া নিদ্রা যাইতেছে। বোধ হয়, নিদ্রার পূর্বে খাবাটি একবার চাটিয়াছিল। যে দিকে ব্যাঘ্র নিদ্রিত ছিল, যুবা সেই দিকে চলিল। আমায় বলিল, “মাথা নত করিয়! আশ্বন, নতুবা প্রাঙ্গণে ছায়া পড়িবে।” তদনুসারে আমি নতশিরে চলিলাম; শেষ একখানি বৃহৎ প্রস্তরে হাত দিয়া বলিল, “আশ্বন, এইখানি ঠেলিয়া তুলি,” উভয়ে প্রস্তরখানিকে স্থানচ্যুত করিলাম। তাহার পর যুবা একা তাহা ঠেলিয়া গর্তের প্রান্তে নিঃশব্দে লইয়া গেল, একবার ব্যাঘ্রের প্রতি চাহিল, তাহার পর প্রস্তর ঘোর রবে প্রাঙ্গণে পড়িল; শব্দে কি আঘাতে তাহা ঠিক জানি না, ব্যাঘ্র উঠিয়া দাঁড়াইয়াছিল; তাহার পর পড়িয়া গেল। এ নিদ্রা আর ভাঙিল না। পর-দিবস বাহকঙ্কণে ব্যাঘ্রটি আমার তাঁবু পর্য্যন্ত আসিয়াছিলেন; কিন্তু তখন তিনি মহানিদ্রাচ্ছন্ন বলিয়া বিশেষ কোন প্রকার আলাপ হইল না।

৪

আবার পালামোর কথা লিখিতে বসিয়াছি; কিন্তু ভাবিতেছি, এবার কি লিখি? লিখিবার বিষয় এখন ত কিছুই মনে হয় না, অথচ কিছু না কিছু লিখিতে হইতেছে। বাঘের পরিচয় ত আর ভাল লাগে না; পাহাড় জঙ্গলের কথাও হইয়া গিয়াছে, তবে আর লিখিবার আছে কি? পাহাড়, জঙ্গল, বাঘ, এই লইয়াই পালামো। যে সকল ব্যক্তির তথায় বাস করে, তাহারা জঙ্গলী, কুৎসিত, কদাকার জ্ঞানওয়ার, তাহাদের পরিচয় লেখা বৃথা।

কিন্তু আবার মনে হয়, পালামো জঙ্গলে কিছুই স্নানর নাই, এ কথা

বলিলে লোকে আমায় কি বিবেচনা করিবে? স্মৃতরাং পালামো সঙ্ঘন্ধে ছুটা কথা বলা আবশ্যিক।

এক দিন সন্ধ্যার পর চিকপর্দা ফেলিয়া তাঁবুতে একা বসিয়া সাহেবী চন্দ্রে কুকুরী লইয়া ক্রীড়া করিতেছি, এমত সময় এক জন কে আসিয়া বাহির হইতে আমাকে ডাকিল, “খাঁ সাহেব!” আমার সর্বশরীর জলিয়া উঠিল। এখন হাসি পায়, কিন্তু তখন বড়ই রাগ হইয়াছিল। রাগ হইবার অনেক কারণও ছিল; কারণ নং এক এই যে, আমি মাগু ব্যক্তি; আমাকে ডাকিবার সাধ্য কাহার? আমি যাহার অধীন, অথবা যিনি আমা অপেক্ষা অতি প্রধান, কিম্বা যিনি আমার বিশেষ আত্মীয়, কবল তিনিই আমাকে ডাকিতে পারেন। অত লোকে “গুহুন” বলিলে সঙ্ঘ হয় না।

কাবণ নং দুই যে, আমাকে “খাঁ সাহেব” বলিয়াছে, বরং “খাঁ বাহাদুর” বলিলে কতক সঙ্ঘ করিতে পারিতাম, ভাবিতাম, হয়ত লোকটা আমাকে মুছলমান বিবেচনা করিয়াছে, কিন্তু পদের অগৌরব করে নাই। “খাঁ সাহেব” অর্থে যাহাই হউক, ব্যবহারে তাহা আমাদের “বোস মশায়” বা “দাস মশায়” অপেক্ষা অধিক মাগুর উপাধি নহে। হারম্যান কোম্পানি যাহার কাপড় সেলাই করে, ফরাসী দেশে যাহার ছুতা সেলাই হয়, তাহাকে “বোস মহাশয়” বা “দাস মহাশয়” বলিলে সঙ্ঘ হইবে কেন? বাবু মহাশয় বলিলেও মন উঠে না। অতএব স্থির করিলাম, এ ব্যক্তি যেই হউক, আমাকে তুচ্ছ করিয়াছে, আমাকে অপমান করিয়াছে।

সেই মুহূর্ত্তে তাহাকে ইহার বিশেষ প্রতিফল পাইতে হইত, কিন্তু “হারামজাদ” “বদজাত” প্রভৃতি সাহেবস্বভাবশুলভ গালি ব্যতীত আর তাহাকে কিছুই দিই নাই, এই আমার বাহাদুরি। বোধ হয়, সে রাড্বে

বড় শীত পড়িয়াছিল, তাহাই তাঁবুর বাহিরে বাইতে সাহস করি নাই। আগস্ক গালি খাইয়া আর কোন উত্তর করিল না; বোধ হয় চলিয়া গেল। আমি চিরকাল জানি, যে গালি খায়, সে হয় ভয়ে মিনতি করে, নতুবা গালি অকারণ দেওয়া হইয়াছে প্রতিপন্ন করিবার নিমিত্ত তর্ক করে; তাহা কিছুই না করায়, আমি ভাবিলাম, এ ব্যক্তি চমৎকার লোক। সেও হয়ত আমাকে ভাবিল “চমৎকাব লোক”। নাম জানে না, পদ জানে না, কি বলিয়া ডাকিবে তাহা জানে না; স্তুরাং দেশীয় প্রথা অনুসারে সন্মম করিয়া ‘খাঁ সাহেব’ বলিয়া ডাকিয়াছে, তাহার উত্তরে যে ‘হারামজাদ’ বলিয়া গালি দেয়, তাহাকে “চমৎকার লোক” ব্যতীত আর কি মনে করিবে?

দণ্ডেক পরে আমার “খানসামা বাবু” তাঁবুর দ্বারে আসিয়া ঈষৎ কণ্ঠকণ্ঠনশব্দ দ্বারা আপনার আগমনবার্তা জানাইল। আমার তখনও রাগ আছে, “খানসামা বাবু”ও তাহা জানিত, এই জন্ত কলিকা-হস্তে তাঁবুতে প্রবেশ করিল, কিন্তু অগ্রসর হইল না, দ্বারের নিকট দাঁড়াইয়া অতি গম্ভীরভাবে কলিকায় ফুঁ দিতে লাগিল, আমি তাহার মুখের প্রতি চাহিয়া ভাবিতেছি, কতক্ষণে কলিকা আলবোলায় বসাইয়া দিবে, এমন সময়ে দ্বারের পার্শ্বে কি নড়িল, চাহিয়া দেখিলাম সে দিকে কিছুই নাই, কেবল নীল আকাশে নক্ষত্র জ্বলিতেছে; তাহার পরেই দেখি, দুইটি অস্পষ্ট মনুষ্যমূর্তি দাঁড়াইয়া আছে, টেবিলের বাতি সরাইলান, আলোক তাহাদের অঙ্গে পড়িল। দেখিলাম একটা বৃদ্ধ আবক্ষ খেত শ্মশ্রুতে পরিপ্লুত, মাথায় প্রকাণ্ড পাগড়ি, তাহার পার্শ্বে একটি স্ত্রীলোক বোধ হয় যেন যুবতী। আমি তাহাদের প্রতি চাহিবামাত্র উভয়ে দ্বারের নিকট অগ্রসর হইয়া যোড়হস্তে নতশিরে আমায় সেলাম করিয়া দাঁড়াইল। যুবতীর মুখ দেখিয়া বোধ হইল যেন বড় ভয় পাইয়াছে, অথচ ওষ্ঠে ঈষৎ

হাসি আছে। তাহার যুগ্ম দ্রু দেখিয়া আমার মনে হইল যেন অতি উর্দ্ধে নীল আকাশে কোন বৃহৎ পক্ষী পক্ষ বিস্তার করিয়া ভাসিতেছে। আমি অনিমিষ লোচনে জ্বলন্ত দেখিতে লাগিলাম; কেন আসিয়াছে, কোথায় বাড়ী, এ কথা তখন মনে আসিল না। আমি কেবল তাহার রূপ দেখিতে লাগিলাম, তাহাকে দেখিয়াই প্রথমে একটি রূপবতী পক্ষিণী মনে পড়িল; গেন্দোখালি “মোহনায়” যেখানে হিংরেজেরা প্রথম উপনিবাস স্থাপন করেন, সেইখানে একদিন অপরাহ্নে বন্দুক স্বন্ধে পক্ষী শিকার করিতে গিয়াছিলাম, তথায় কোন বৃক্ষের শুষ্ক ডালে একটি ক্ষুদ্র পক্ষী অতি বিষমভাবে বসিয়াছিল, আমি তাহার সম্মুখে গিয়া দাঁড়াইলাম, আমার দেখিয়া পক্ষী উড়িল না, মাথা হেলাইয়া আমার দেখিতে লাগিল। ভাবিলাম, “জঙ্গলী পাখী হয়ত কখন মানুষ দেখে নাই, দেখিলে বিশ্বাসঘাতককে চিনিত।” চিনাইবার নিমিত্ত আমি হাসিয়া বন্দুক তুলিলাম; তবু পক্ষী উড়িল না, বুক পাতিয়া আমার মুখপ্রতি চাহিয়া রহিল। আমি অপ্রতিভ হইলাম, তখন ধীরে ধীরে বন্দুক নামাইয়া অনিমিষলোচনে পক্ষীকে দেখিতে লাগিলাম; তাহার কি আশ্চর্য রূপ! সেই পক্ষিণীতে যে রূপরাশি দেখিয়াছিলাম, এই যুবতীতে ঠিক তাহাই দেখিলাম। আমি কখন কবির চক্ষে রূপ দেখি নাই, চিরকাল বালকের মত রূপ দেখিয়া থাকি, এই জন্ত আমি যাহা দেখি, তাহা অজ্ঞকে বুঝাইতে পারি না। রূপ যে কি জিনিস, রূপের আকার কি, শরীরের কোন্ কোন্ স্থানে তাহার বাসা, এ সকল বার্তা আমাদের বঙ্গকবির বিশেষ জ্ঞানে, এই জন্ত তাঁহারা অঙ্গ বাছিয়া বাছিয়া বর্ণনা করিতে পারেন, দুর্ভাগ্যবশতঃ আমি তাহা পারি না। তাহার কারণ, আমি কখন অঙ্গ বাছিয়া রূপ তল্লাস করি নাই। আমি যে প্রকারে রূপ দেখি, নির্জঙ্ঘ হইয়া তাহা বলিতে পারি। একবাব আমি দুই

বৎসরের একটি শিশু গৃহে রাখিয়া বিদেশে গিয়াছিলাম। শিশুকে সর্বদাই মনে হইত, তাহার শ্যাম রূপ আর কাহারও দেখিতে পাইতাম না। অনেক দিনের পর একটি ছাগশিশুতে সেই রূপরাশি দেখিয়া আফ্লাদে তাহাকে বুকে করিয়াছিলাম। আমার সেই চক্ষু! আমি রূপরাশি কি বুঝিব? তথাপি যুবতীকে দেখিতে লাগিলাম।

বাল্যকালে আমার মনে হইত যে, ভূত প্রেত যে প্রকার নিষ্চে দেহহীন, অস্ত্রের দেহ আবির্ভাবে বিকাশ পায়, রূপও সেই প্রকার অশ্রুদেহ অবলম্বন করিয়া প্রকাশ পায়, কিন্তু প্রভেদ এই যে, ভূতের আশ্রয় কেবল মনুষ্য, বিশেষতঃ মানবী। কিন্তু বৃক্ষ, পল্লব, নদ ও নদী প্রভৃতি সকলেই রূপ আশ্রয় করে। যুবতীতে যে রূপ, লতায় সেই রূপ, নদীতেও সেই রূপ, পক্ষীতেও সেই রূপ, ছাগেও সেই রূপ; স্মৃতরাং রূপ এক, তবে পাণ্ড-ভেদ। আমি পাত্র দেখিয়া ভুলি না; দেহ দেখিয়া ভুলি না; ভুলি কেবল রূপে। সে রূপ, লতায় থাক অথবা যুবতীতে থাক, আমার মনের চক্ষে তাহার কোন প্রভেদ দেখি না। অনেকের এই প্রকার রুচিবিকার আছে। যাহারা বলেন, যুবতীর দেহ দেখিয়া ভুলিয়াছেন, তাঁহাদের মিথ্যা কথা।

আমি যুবতীকে দেখিতেছি, এমত সময় আমার খানসামা বাবু বলিল, এরা বাই, এরাই তখন খাঁ সাহেব বলিয়া ডাকিয়াছিল।" শুনিবামাত্র আবার রাগ পূর্বমত গর্জিয়া উঠিল, চীৎকার করিয়া আমি তাহাদের তাড়াইয়া দিলাম। সেই অবধি আর তাহাদের কথা কেহ আমায় বলে নাই। পর-দিবস অপরাহ্নে দেখি, এক বটতলায় ছোট বড় কতকগুলো স্ত্রীলোক বসিয়া আছে, নিকটে দুই একটা "বেতো" ঘোড়া চরিতেছে জিজ্ঞাসা করায় জানিলাম, তাহারাও "বাই"; ব্যয় লাঘব করিবার নিমিত্ত তাহারা পালামো দিয়া যাইতেছে, এই সময় পূর্বরাত্রের বাইবে

আমার স্মরণ হইল, তাহার গীত শুনিব মনে করিয়া তাহাকে ডাকিতে পাঠাইলাম। কিন্তু লোক ফিরিয়া আসিয়া বলিল, অতি শ্রদ্ধাষে সে চলিয়া গিয়াছে, আমি আর কোন কথা कहিলাম না দেখিয়া এক জন রাজপুত্র প্রতিবাসী বলিল, “সে কাঁদিয়া গিয়াছে।”

আ। কেন ?

প্র। এই জঙ্গল দিয়া আসিতে আসিতে তাহার সঙ্গীরা সকলে মরিয়াছে, মাত্র এক জন বৃদ্ধ সঙ্গে ছিল, “ধরচা”ও ফুরাইয়াছে। দুই দিন উপবাস করিয়াছে, আরও কত দিন উপবাস করিতে হয় বলা যায় না। এ জঙ্গল পাহাড় মধ্যে কোথা ভিক্ষা পাইবে ? আপনার নিকট ভিক্ষার নিমিত্ত আসিয়াছিল, আপনিও ভিক্ষা দেন নাই।

এ কথা শুনিয়া আমার কষ্ট হইল, তাহার বিপদ কতক অশুভব করিতে পারিলাম, নিজে সেই অবস্থায় পড়িলে কি যত্ন পাাইতাম, তাহা কল্পনা করিতে লাগিলাম। জঙ্গলে অন্নাত্যাব, আর অপার নদীতে নৌকাডুবি একই প্রকার। আমি তাহাকে অনায়াসে দুই পাঁচ টাকা দিতে পারিতাম, তাহাতে নিজের কোন ক্ষতি হইত না ; অথচ সে রক্ষা পাইত। আমি তাহাকে উদ্ধার করিলাম না, তাড়াইয়া দিলাম ; এ নিষ্ঠুরতার ফল এক দিন আমার অবশ্য পাইতে হইবে, এরূপ কথা আমার সর্বদা মনে হইত। দুই চারি দিনের পর একটি সাহেবের সহিত আমার দেখা হইল, তিনি দশ ক্রোশ দূরে একা থাকিতেন, গল্প করিবার নিমিত্ত মধ্যে মধ্যে আমার ঠাঁবুতে আসিতেন। গল্প করিতে করিতে আমি ঠাঁহাকে যুবতীর কথা বলিলাম, তিনি কিস্তিক্ষণ রহস্ত করিলেন, তাহার পর বলিলেন, আমি জ্বীলোকটির কথা শুনিয়াছি ; সে এ জঙ্গল অতিক্রম করিতে পারে নাই, পথেই মরিয়াছে ; এ কথা সত্যই হউক বা মিথ্যাই হউক, আমরা বড়ই কষ্ট হইল ; আমি কেবল অহঙ্কারের

চাতুরীতে পড়িয়া “খাঁ সাহেব” কথায় চটিয়াছিলাম। তখন জানিতাম না যে, এক দিন আপনার অহঙ্কারে আপনি হাসিব।

সাহেবকে বিদায় দিয়া অপরাহ্নে যুবতীর কথা ভাবিতে ভাবিতে পাছাড়ের দিকে যাইতেছিলাম, পথিমধ্যে কতকগুলি কোলকন্নার সহিত সাক্ষাৎ হইল, তাহারা “দাড়ি” হইতে জল তুলিতেছিল। এই অঞ্চলে জলাশয় একেবারে নাই, নদী শীতকালে একেবারে শুষ্কপ্রায় হইয়া যায়, স্মৃতরাং গ্রাম্য লোকেরা এক এক স্থানে পাতকুম্বার আকারে ক্ষুদ্র খাদ খনন করে—তাহা দুই হাতের অধিক গভীর করিতে হয় না—সেই খাদে জল ক্রমে ক্রমে চুঁইয়া জমে। আট দশ কলস তুলিলে আর কিছু থাকে না, আবার জল ক্রমে আসিয়া জমে। এই ক্ষুদ্র খাদগুলিকে দাড়ি বলে।

কোলকন্নারা আমাকে দেখিয়া দাঁড়াইল। তাহাদের মধ্যে একটি লম্বোদরী—সর্বাপেক্ষা বয়োজ্যেষ্ঠা—মাথায় পূর্ণ কলস দুই হস্তে ধরিয়া হাশুমুখে আমায় বলিল, রাত্রে নাচ দেখিতে আসিবেন? আমি মাথা হেলাইয়া স্বীকার করিলাম, অমনি সকলে হাসিয়া উঠিল। কোলের যুবতীরা যত হাসে, যত নাচে, বোধ হয় পৃথিবীর আর কোন জাতির কন্নারা তত হাসিতে নাচিতে পারে না; আমাদের হ্রস্ব ছেলেয়া তাহার শতাংশ পারে না।

সন্ধ্যার পর আমি নৃত্য দেখিতে গেলাম; গ্রামের প্রান্তভাগে এক বটবৃক্ষতলে গ্রামস্থ যুবারা সমুদয়ই আসিয়া একত্র হইয়াছে। তাহারা “খোঁপা” বাঁধিয়াছে, তাহাতে দুই তিনখানি কাঠের “চিক্কণী” সাজাইয়াছে। কেহ মাদল আনিয়াছে, কেহ বা লম্বা লাঠি আনিয়াছে, রিক্তহস্তে কেহই আসে নাই; বয়সের দোষে সকলেরই দেহ চঞ্চল, সকলেই নানা ভঙ্গীতে আপন আপন বলবীৰ্য্য দেখাইতেছে। বৃদ্ধেরা

বৃক্ষমূলে উচ্চ মৃন্ময় মঞ্চের উপর জড়বৎ বসিয়া আছে, তাহাদের জাহ্নু প্রায় স্কন্ধ ছাড়াইয়াছে, তাহারা বসিয়া নানা ভঙ্গীতে কেবল গুষ্ঠক্ৰীড়া করিতেছে, আমি গিয়া তাহাদের পার্শ্বে বসিলাম।

এই সময় দলে দলে গ্রামস্থ যুবতীরা আসিয়া জমিতে লাগিল; তাহারা আসিয়াই যুবাদিগের প্রতি উপহাস আরম্ভ করিল, সঙ্গে সঙ্গে বড় হাসির ঘটা পড়িয়া গেল। উপহাস আমি কিছুই বুঝিতে পারিলাম না; কেবল অসুভবে স্থির করিলাম যে, যুবারা ঠকিয়া গেল। ঠকিবার কথা, যুবা দশ বারটি, কিন্তু যুবতীরা প্রায় চল্লিশ জন, সেই চল্লিশ জনে হাসিলে হাইলঙের পন্টন ঠকে।

হাস্ত উপহাস শেষ হইলে, নৃত্যের উদ্যোগ আরম্ভ হইল। যুবতী সকলে হাত ধরাধরি করিয়া অর্ধচন্দ্রাকৃতি রেখা বিছাস করিয়া দাঁড়াইল। দেখিতে বড় চমৎকার হইল। সকলগুলিই সম উচ্চ, সকলগুলিই পাথুরে কাল; সকলেরই অনাবৃত দেহ; সকলের সেই অনাবৃত বক্ষে আরসির ধুকধুকি চন্দ্রকিরণে এক একবার জলিয়া উঠিতেছে। আবার সকলের মাথায় বনগুপ্প, কর্ণে বনপুপ্প, ওষ্ঠে হাসি। সকলেই আঁহ্লাদে পরিপূর্ণ। আঁহ্লাদে চঞ্চল, যেন তেজঃপুঞ্জ অশ্বের জ্বায় সকলেই দেহবেগ সংযম করিতেছে।

সম্মুখে যুবারা দাঁড়াইয়া, যুবাদের পশ্চাতে মৃন্ময়মঞ্চোপরি বুদ্ধেরা এবং তৎসঙ্গে এই নরাধম। বুদ্ধেরা ইঙ্গিত করিলে যুবাদের দলে মাদল বাজিল, অমনি যুবতীদের দেহ যেন শিহরিয়া উঠিল। যদি দেহের কোলাহল থাকে, তবে যুবতীদের দেহে সেই কোলাহল পড়িয়া গেল, পরেই তাহারা নৃত্য আরম্ভ করিল। তাহাদের নৃত্য আমাদের চক্ষে নূতন; তাহারা তালে তালে পা ফেলিতেছে, অথচ কেহ চলে না; দোলে না, টলে না। যে যেখানে দাঁড়াইয়াছিল, সে সেইখানেই

দাঁড়াইয়া তালে তালে পা ফেলিতে লাগিল, তাহাদের মাথার ফুলগুলি নাচিতে লাগিল, বুকের ধুক্‌ধুকি ছলিতে লাগিল।

নৃত্য আরম্ভ হইলে পর একজন বৃদ্ধ মঞ্চ হইতে কল্পিতকর্ণে একটি গীতের “মহড়া” আরম্ভ করিল, অমনি যুবারা সেই গীত উঠে:স্বরে গাইয়া উঠিল, সঙ্গে সঙ্গে যুবতীরা তীব্র তানে “ধুয়া” ধরিল। যুবতীদের সুরের চেউ নিকটের পাহাড়ে গিয়া লাগিতে লাগিল। আমার তখন স্পষ্ট বোধ হইতে লাগিল, যেন সুর কখন পাহাড়ের মূল পর্যন্ত, কখন বা পাহাড়ের বক্ষ পর্যন্ত গিয়া ঠেকিতেছে। তাল পাহাড়ে ঠেকা অনেকের নিকট রহস্যের কথা, কিন্তু আমার নিকট তাহা নহে, আমার লেখা পড়িতে গেলে এক্রপ প্রলাপবাক্য মধ্যে মধ্যে সঙ্ক করিতে হইবে।

যুবতীরা তালে তালে নাচিতেছে, তাহাদের মাথার বনফুল সেই সঙ্গে উঠিতেছে নামিতেছে, আবার সেই ফুলের দুটি একটি বরিয়া তাহাদের স্বন্ধে পড়িতেছে। শীতকাল, নিকটে দুই তিন স্থানে হু হু করিয়া অগ্নি জলিতেছে, অগ্নির আলোকে নর্তকীদের বর্ণ আরও কাল দেখাইতেছে; তাহারা তালে তালে নাচিতেছে, নাচিতে নাচিতে ফুলের পাপড়ির ঞায় সকলে এক এক বার “চিতিয়া” পড়িতেছে; আকাশ হইতে চক্ষু তাহা দেখিয়া হাসিতেছে, আর বটমূলের অন্ধকারে বসিয়া আমি হাসিতেছি।

নৃত্যের শেষ পর্যন্ত থাকিতে পারিলাম না; বড় শীত; অধিক ক্ষণ থাকি গেল না।

কোলের নৃত্য সম্বন্ধে যৎকিঞ্চিৎ বলা হইয়াছে, এবার তাহাদের বিবাহের পরিচয় দিতে ইচ্ছা হইতেছে। কোলের অনেক শাখা আছে। আমার স্মরণ নাই, বোধ হয় যেন উরাঙ, মুণ্ডা, খেরওয়ার এবং দোলাদ এই চারি জাতি তাহার মধ্যে প্রধান। ইহার এক জাতির বিবাহে আমি বরযাত্রী হইয়া কতক দূর গিয়াছিলাম। বরকর্তা আমার পাল্‌কী লইয়া গেল, কিন্তু আমার নিমন্ত্রণ করিল না; ভাবিলাম—না করুক, আমি রবাহৃত বাইব। সেই অভিপ্রায়ে অপরাহ্নে পথে দাঁড়াইয়া থাকিলাম। কিছুক্ষণ পরে দেখি, পাল্‌কীতে বর আসিতেছে। সঙ্গে দশ বার জন পুরুষ আর পাঁচ ছয় জন যুবতী, যুবতীরিও বরযাত্রী। পুরুষেরা আমার কেহই ডাকিল না, স্ত্রীলোকের চক্ষুলজ্জা আছে, তাহারা হাসিয়া আমার ডাকিল, আমিও হাসিয়া তাহাদের সঙ্গে চলিলাম, কিন্তু অধিক দূর বাইতে পারিলাম না, তাহারা যেরূপ বুক ফুলাইয়া, মুখ তুলিয়া, বায়ু ঠেলিয়া মহাদম্ভে চলিতেছিল, আমি দুর্বল বান্ধালী, আমার সে দম্ভ, সে শক্তি কোথায়? স্মৃতরাং রুতক দূর গিয়া পিছাইলাম; তাহারা তাহা লক্ষ্য করিল না, হয়ত দেখিয়াও দেখিল না; আমি বাঁচিলাম। তখন পথপ্রান্তে এক প্রস্তরস্তূপে বসিয়া ঘর্ম্ম মুছিতে লাগিলাম, আর রাগভরে পাথুরে মেয়েগুলোকে গালি দিতে লাগিলাম। তাহাদিগকে সেপাই বলিলাম, সিদ্ধেশ্বরীর পাল বলিলাম, আর কত কি বলিলাম। আর একবার বহু পূর্বে এইরূপ গালি দিয়াছিলাম। একদিন বেলা দুই প্রহরের সময় টিটাগড়ের বাগানে “লসিংটন লজ্জ” হইতে গজেন্দ্রগমনে আমি আসিতেছিলাম—তখন রেলওয়ে ছিল না, স্মৃতরাং এখনকার মত বেগে পথ চলা বান্ধালীর মধ্যে বড় ফেসন হয় নাই—আসিতে আসিতে পশ্চাতে

একটা অল্প টক টক শব্দ শুনিতে পাইলাম। ফিরিয়া দেখি, গবর্ণর জেনেরল কাউন্সলের অমুক মেম্বারের কুলকত্তা একা আসিতেছেন। আমি তখন বালক, বোড়শ বৎসরের অধিক আমার বয়স নহে, স্ততরাং বয়সের মত স্থির করিলাম, জীলোকের নিকট পিছাইয়া পড়া হইবে না, অতএব যথাসাধ্য চলিতে লাগিলাম। হয়ত ঘুবতীও তাহা বুঝিলেন। আর একটু অধিক বয়স হইলে এ দিকে তাঁহার মন যাইত না। তিনি নিজের অল্পবয়স্কা ; আমার অপেক্ষা কিঞ্চিৎমাত্র বয়োজ্যেষ্ঠা, স্ততরাং এই উপলক্ষে বাইচ খেলার আমোদ তাঁহার মনে আসা সম্ভব। সেই জন্ত একটু যেন তিনি জ্বরে বাহিতে লাগিলেন। দেখিতে দেখিতে পশ্চিমে মেঘের মত আমাকে ছাড়াইয়া গেলেন, যেন সেই সঙ্গে একটু “হুরো” দিয়া গেলেন,—অবশ্য তাহা মনে মনে, তাঁহার ওষ্ঠপ্রান্তে একটু হাসি ছিল, তাহাই বলিতেছি। আমি লজ্জিত হইয়া নিকটস্থ বটমূলে বসিয়া স্তন্যরীদের উপর রাগ করিয়া নানা কথা বলিতে লাগিলাম। যাহারা এত জ্বরে পথ চলে, তাহারা আবার কোমলাঙ্গী ? খোসামুদেরা বলে, তাহাদের অলকদাম সরাইবার নিমিত্ত বায়ু ধীরে ধীরে বহে। কলাগাছে ঝড়, আর শিমুল গাছে সমীরণ ?

সে সকল রাগের কথা এখন যাক, যে হারে, সেই রাগে। কোলের কথা হইতেছিল। তাহাদের সকল জাতির মধ্যে একরূপ বিবাহ নহে। এক জাতি কোল আছে, তাহারা উরাও কি, কি তাহা স্মরণ নাই, তাহাদের বিবাহশ্রেণী অতি পুরাতন। তাহাদের প্রত্যেক গ্রামের প্রান্তে একখানি করিয়া বড় ঘর থাকে। সেই ঘরে সন্ধ্যার পর একে একে গ্রামের সমুদায় কুমারীরা আসিয়া উপস্থিত হয়, সেই ঘর তাহাদের ডিপো। বিবাহযোগ্য হইলে আর তাহারা পিতৃগৃহে রাত্রি যাপন করিতে পায় না। সকলে উপস্থিত হইয়া শয়ন করিলে গ্রামের

অবিবাহিত যুবারা ক্রমে ক্রমে সকলে সেই ঘরের নিকটে আসিয়া রসিকতা আরম্ভ করে ; কেহ গীত গায়, কেহ নৃত্য করে, কেহ বা রহস্য করে। যে কুমারীর বিবাহের সময় হয় নাই, সে অবাধে নিজা যায়। কিন্তু যাহাদের সময় উপস্থিত, তাহারা বসন্তকালের পক্ষিণীর স্তায় অনিমেষলোচনে সেই নৃত্য দেখিতে থাকে, একাগ্রচিত্তে সেই গীত শুনিতে থাকে। হয়ত থাকিতে না পারিয়া শেষ ঠাট্টার উত্তর দেয়, কেহ বা গালি পর্য্যন্তও দেয়। গালি আর ঠাট্টা উভয়ে প্রভেদ অল্প, বিশেষ যুবতীর মুখবিনির্গত হইলে যুবাবর্ণে উভয়ই স্মধাবর্ষণ। কুমারীরা গালি আরম্ভ করিলে কুমারেরা আনন্দে মাতিয়া উঠে।

এইরূপে প্রতি রাত্রে কুমার কুমারীর বাক্‌চাতুরী হইতে থাকে, শেষ তাহাদের মধ্যে প্রণয় উপস্থিত হয়। প্রণয় কথাটি ঠিক নহে। কোলেরা প্রেম প্রীতির বড় সম্বন্ধ রাখে না। মনোনীত কথাটি ঠিক। নৃত্য হস্ত উপহাসের পর পরস্পর মনোনীত হইলে, সঙ্গী, সঙ্গিনীর তাহা কাণাকাণি করিতে থাকে। ক্রমে গ্রামে রাষ্ট্র হইয়া পড়ে। রাষ্ট্র কথা শুনিয়া উভয় পক্ষের পিতৃকুল সাবধান হইতে থাকে। সাবধানতা অল্প বিষয়ে নহে। কুমারীর আত্মীয় বন্ধুরা বড় বড় বাঁশ কাটে, তীর ধমুক সংগ্রহ করে ; অস্ত্রশস্ত্রে শান দেয়। আর অনবরত কুমারের আত্মীয় বন্ধুকে গালি দিতে থাকে। চীৎকার আর আশ্ফালনের সীমা থাকে না। আবার এদিকে উভয় পক্ষে গোপনে গোপনে বিবাহের আয়োজনও আরম্ভ করে।

শেষ একদিন অপরাহ্নে কুমারী হাসি হাসি মুখে বেশ বিভ্রাস করিতে বসে। সকলে বুঝিয়া চারি পার্শ্বে দাঁড়ায়, হয়ত ছোট ভগিনী বন হইতে নূতন ফুল আনিয়া মাথায় পরাইয়া দেয়, বেশ বিভ্রাস হইলে কুমারী উঠিয়া গাগরি লইয়া একা জল আনিতে যায়। অল্প দিনের মত

নহে, এ দিনে ধীরে ধীরে যায়, তবু মাথায় গাগরি টলে। বনের ধারে জল, যেন কতই দূর ! কুমারী যাইতেছে আর অনিমেষলোচনে বনের দিকে চাহিতেছে। চাহিতে চাহিতে বনে দুই একটি ডাল ছুলিয়া উঠিল, তাহার পর এক নবযুবা, সখা স্তবলের মত লাফাইতে লাফাইতে সেই বন হইতে বহির্গত হইল, সঙ্গে সঙ্গে হয়ত দুটা চারিটা ভ্রমরও ছুটিয়া আসিল। কোল-কুমারীর মাথা হইতে গাগরি পড়িয়া গেল। কুমারীকে বৃকে ধরিয়া যুবা অমনি ছুটিল। কুমারী স্তবরাং এ অবস্থায় চীৎকার করিতে বাধ্য, চীৎকারও সে করিতে লাগিল। হাত পাও আছড়াইল। এবং চডটা চাপডটা যুবাকেও মারিল; নতুবা ভাল দেখায় না! কুমারীর চীৎকারে তাহার আত্মীয়েরা “মার মার” রবে আসিয়া পড়িল। যুবার আত্মীয়েরাও নিকটে এখানে সেখানে লুকাইয়া ছিল, তাহারাও বাহিব হইয়া পথবোধ করিল। শেষ যুদ্ধ আরম্ভ হইল। যুদ্ধ রক্ষণীহরণের যাত্রার মত, সকলের তীর আকাশমুখী। কিন্তু গুনিয়াছি, দুই একবাব নাকি সত্য সত্যই মাথা ফাটাফাটিও হইয়া গিয়াছে। যাহাই হউক, শেষ যুদ্ধের পর আপোষ হইয়া যায় এবং তৎক্ষণাৎ উভয় পক্ষ একত্র আহার করিতে বসে।

এইরূপ কণ্ঠ হরণ করাই তাহাদের বিবাহ। আব স্বতন্ত্র কোন মন্ত্র তন্ত্র নাই। আমাদের শাস্ত্রে এই বিবাহকে আত্মরিক বিবাহ বলে। এক সময় পৃথিবীর সর্বত্র এই বিবাহ প্রচলিত ছিল। আমাদের দেশে স্ত্রী-আচারের সময় বরের পৃষ্ঠে বাউটি-বেষ্টিত নানা ওজনের করকমল যে সংস্পর্শ হয়, তাহাও এই মারপিট প্রথার অবশেষ। হিন্দুস্থান অঞ্চলে বরকণ্ঠার মাসী পিসী একত্র জুটিয়া নানা ভঙ্গীতে, নানা ছন্দে, মেছুয়া-বাজারের ভাষায় পরস্পরকে যে গালি দিবার রীতি আছে, তাহাও এই মারপিট প্রথার নূতন সংস্কার। ইংরেজদের বরকণ্ঠা গির্জা হইতে

গাড়ীতে উঠিবার সময় পুষ্পবৃষ্টির শব্দ তাহাদের অঙ্গে যে জুতাবৃষ্টি হয়, তাহাও এই পূর্বপ্রথার অন্তর্গত ।*

কোলদের উৎসব সর্বাপেক্ষা বিবাহে । তদুপলক্ষে ব্যয়ও বিস্তর । আট টাকা, দশ টাকা, কখন কখন পনের টাকা পর্য্যন্ত ব্যয় হয় । বাঙ্গালীর পক্ষে ইহা অতি সামান্য, কিন্তু বস্তুর পক্ষে অতিরিক্ত । এত টাকা তাহারা কোথা পাইবে ? তাহাদের এক পয়সা সঞ্চয় নাই, কোন উপার্জনও নাই, সুতরাং ব্যয় নির্বাহ করিবার নিমিত্ত কর্জ করিতে হয় । দুই চারি গ্রাম অন্তর এক জন করিয়া হিন্দুস্থানী মহাজন বাস করে, তাহারাই কর্জ দেয় । এই হিন্দুস্থানীরা মহাজন, কি মহাপিশাচ, সে বিষয়ে আমার বিশেষ সন্দেহ আছে । তাহাদের নিকট একবার কর্জ করিলে আর উদ্ধার নাই । যে একবার পাঁচ টাকা মাত্র কর্জ করিল, সে সেই দিন হইতে আপন গৃহে আর কিছুই লইয়া যাইতে পাইবে না, যাহা উপার্জন করিবে, তাহা মহাজনকে আনিয়া দিতে হইবে । খাতকের ভূমিতে দুই মণ কার্পাস, কি চারি মণ যব জন্মিয়াছে, মহাজনের গৃহে তাহা আনীত হইবে ; তিনি তাহা ওজন করিবেন, পরীক্ষা করিবেন, কত কি করিবেন, শেষ হিসাব করিয়া বলিবেন যে, আসল পাঁচ টাকার মধ্যে এই কার্পাসে কেবল এক টাকা শোধ গেল, আর চারি টাকা বাকি থাকিল । খাতক যে অস্ত্রা বলিয়া চলিয়া যায় । কিন্তু তাহার পরিবার খায় কি ? চায়ে যাহা জন্মিয়াছিল, মহাজন তাহা সমুদয় লইল । খাতক হিসাব জানে না, এক হইতে দশ গণনা করিতে পারে না, সকলের উপর তাহার সম্পূর্ণ বিশ্বাস । মহাজন যে অস্ত্রা করিবে, ইহা তাহার বুদ্ধিতে আইসে না । সুতরাং মহাজনের জালে বদ্ধ

* যে আত্মিক বিবাহের পরিচয় দিলাম, তাহা Exogamy নহে । কেন না, ইহা স্বভাভিবিবাহ ।

হইল। তাহার পর পরিবার আহাৰ পায় না, আবার মহাজনের নিকট ধোৱাকী কৰ্জ কৰা আবশ্যক, স্ততৰাং খাতক জন্মের মত মহাজনের নিকট বিক্রীত হইল। যাহা সে উপাৰ্জন কৰিবে, তাহা মহাজনের। মহাজন তাহাকে কেবল যৎসামান্য ধোৱাকি দিবে। এই তাহার এ জন্মের বন্দোবস্ত।

কেহ কেহ এই উপলক্ষে “সামকনামা” লিখিয়া দেয়। সামকনামা অৰ্থাৎ দাসখত। যে ইহা লিখিয়া দিল, সে রীতিমত গোলাম হইল। মহাজন গোলামকে কেবল আহাৰ দেন, গোলাম বিনা বেতনে তাঁহার সমুদয় কৰ্ম কৰে; চাষ কৰে, মোট বহে, সৰ্ব্বত্র সঙ্গে যায়। আপনায় সংসারের সঙ্গে আর তাহার কোন সম্বন্ধ থাকে না। সংসারও তাহাদের অনাভাবে শীঘ্ৰই লোপ পায়।

কোলদের এই দুৰ্দশা অতি সাধাৰণ। তাহাদের কেবল এক উপায় আছে—পলায়ন। অনেকেই পলাইয়া রক্ষা পায়। যে না পলাইল, সে জন্মের মত মহাজনের নিকট বিক্রীত থাকিল।

পুঞ্জের বিবাহ দিতে গিয়া যে কেবল কোলের জীবনযাত্রা বুখা হয় এমত নহে, আগাদের বাঙ্গালীর মধ্যে অনেকের দুৰ্দশা পুঞ্জের বিবাহ উপলক্ষে অথবা পিতৃমাতৃশ্রাদ্ধ উপলক্ষে। সকলেই মনে মনে জানেন, আমি বড় লোক, আমি “ধুমধাম” না কৰিলে লোকে আমার নিন্দা কৰিবে। স্ততৰাং কৰ্জ কৰিয়া সেই বড়লোককে রক্ষা করেন, তাহার পর যথাসৰ্ব্বম্ব বিক্রয় কৰিয়া সে কৰ্জ হইতে উদ্ধাৰ হওয়া ভায় হয়। প্রায় দেখা যায়, “আমি ধনবান্” বলিয়া প্রথমে অভিমান জন্মিলে শেষ দারিদ্র্যদশায় জীবন শেষ কৰিতে হয়।

কোলেরা সকলেই বিবাহ কৰে। বাঙ্গালা শস্ত্ৰশালিনী, এখানে অগ্নেই গুজরান চলে, তাহাই বাঙ্গালার বিবাহ এত সাধাৰণ। কিন্তু

পালামো অঞ্চলে সম্পূর্ণ অন্নাভাব, সেখানে বিবাহ এরূপ সাধারণ কেন, তদ্বিষয়ে সমাজতত্ত্ববিদেরা কি বলেন জানি না। কিন্তু বোধ হয় হিন্দুস্থানী মহাজনেরা তথায় বাস করিবার পূর্বে কোলদের এত অন্নাভাব ছিল না। তাহাই বিবাহ সাধারণ হইয়াছিল। এক্ষণে মহাজনেরা তাহাদের সর্ব্ব্ব লয়। তাহাদের অন্নাভাব হইয়াছে, স্ততরাং বিবাহ আর পূর্ব্বমত সাধারণ থাকিবে না বলিয়া বোধ হয়।

কোলের সমাজ এক্ষণে যে অবস্থায় আছে দেখা যায়, তাহাতে সেখানে মহাজনের আবশ্যক নাই, যদি হিন্দুস্থানী সভ্যতা তথায় প্রবিষ্ট না হইত, তাহা হইলে অত্য়পি কোলের মধ্যে ঋণের প্রথা উৎপত্তি হইত না। ঋণের সময় হয় নাই। ঋণ উন্নত সমাজের সৃষ্টি। কোলদিগের মধ্যে সে উন্নতির বিলম্ব আছে। সমাজের স্বভাবতঃ যে অবস্থা হয় নাই, কৃত্রিম উপায়ে সে অবস্থা ঘটাইতে গেলে, অথবা সভ্য দেশের নিয়মাদি অসময়ে অসভ্য দেশে প্রবিষ্ট করাইতে গেলে, ফল ভাল হয় না। আমাদের বাঙ্গালায় এ কথার অনেক পবিচয় পাওয়া যাইতেছে। এক সময় ইহুদি মহাজনেরা ঋণ দানের সভ্য নিয়ম অসভ্য বিলাতে প্রবেশ করাইয়া অনেক অনিষ্ট ঘটাইয়াছিল। এক্ষণে হিন্দুস্থানী মহাজনেরা কোলদের সেইরূপ অনিষ্ট ঘটাইতেছে।

কোলের নববধু আমি কখন দেখি নাই। কুমারী এক রাত্রের মধ্যে নববধু! দেখিতে আশ্চর্য্য! বাঙ্গালায় দুঃস্থ ছুঁড়ীরা ধূলাখেলা করিয়া বেড়াইতেছে, ভাইকে পিটাইতেছে, পরের গোককে গাল দিতেছে, পাড়ার ভালখাকীদের সঙ্গে কৌদল করিতেছে, বিবাহের কথা উঠিলে ছুঁড়ী গালি দিয়া পলাইতেছে। তাহার পর একরাতে ভাবান্তর। বিবাহের পরদিন প্রাতে আর সে পূর্ব্বমত দুঃস্থ ছুঁড়ী নাই। এক রাতে

তাহার আশ্চর্য্য পরিবর্তন হইয়া গিয়াছে। আমি একটি এইরূপ নববধু দেখিয়াছি। তাহার পরিচয় দিতে ইচ্ছা হয়।

বিবাহের রাত্রি আমোদে গেল। পরদিন প্রাতে উঠিয়া নববধু ছোট তাইকে আদর করিল, নিকটে মা ছিলেন, নববধু মার মুখ প্রতি এক বার চাহিল, মার চক্ষে জল আসিল, নববধু মুখাবনত করিল, কাঁদিল না। তাহার পর ধীরে ধীরে এক নির্জন স্থানে গিয়া দ্বারে নাথা রাখিয়া অল্পমনস্কে দাঁড়াইয়া শিশিরসিক্ত সামিয়ানার প্রতি চাহিয়া রহিল। সামিয়ানা হইতে টোপে টোপে উঠানে শিশির পড়িতেছে। সামিয়ানা হইতে উঠানের দিকে তাহার দৃষ্টি গেল, উঠানেব এখানে সেখানে পূর্ব-রাত্রে' উচ্ছিন্ন পত্র পড়িয়া রহিয়াছে, রাত্রেব কথা নববধুর মনে হইল, কত আলো! কত বাগ্ন! কত লোক! কত কলবব! যেন স্বপ্ন! এখন সেখানে ভাঙ্গা ভাড়া, ছেঁড়া পাতা। নববধুর সেই দিকে দৃষ্টি গেল। একটি দুর্বলা কুকুদী—নবপ্রস্থতি—পেটের জ্বালায় শুষ্ক পত্রে ভগ্ন ভাঙে আহা'র খুঁজিতেছে, নববধুর চক্ষে জল আসিল। জল মুছিয়া নববধু ধীরে ধীরে মাতৃকক্ষে গিয়া লুচি আনিয়া কুকুদীকে দিল। এই সময় নববধুর পিতা অন্দবে আসিতেছিলেন, কুকুদীভোজন দেখিয়া একটু হাসিলেন, নববধু আর পূর্বমত দৌড়িয়া পিতার কাছে গেল না, অধোমুখে দাঁড়াইয়া রহিল। পিতা বলিলেন, ব্রাহ্মণভোজনের পর কুকুর ভোজনই হইয়া থাকে, রাত্রে তাহা হইয়া গিয়াছে, অল্প আবার এ কেন মা? নববধু কথা কহিল না! কহিলে হয়ত বলিত, এই কুকুরী সংসারী।

পূর্বে বলিয়াছি, নববধু লুচি আনিতে যাইবার সময় ধীরে ধীরে গিয়াছিল, আর দুই দিন পূর্বে হইলে দৌড়িয়া যাইত। যখন সেই ঘরে গেল, তখন দেখিল, মাতার সম্মুখে কতকগুলি লুচি সন্দেশ রহিয়াছে। নববধু জিজ্ঞাসা করিল, "মা! লুচি নেব?" মাতা লুচিগুলি হাতে

তুলিয়া দিয়া বলিলেন, “কেন মা আজ চাহিয়া নিলে ? যাহা তোমার ইচ্ছা তুমি আপনি লও, ছড়াও, ফেলিয়া দাও, নষ্ট কর, কখন কাহাকেও ত জিজ্ঞাসা করে লও না ? আজ কেন মা চাহিয়া নিলে ? তবে সত্যই আজ থেকে কি তুমি পর হ’লে, আমায় পর ভাবিলে ?” এই বলিয়া মা কাঁদিতে লাগিলেন। নববধু বলিল, “না মা ! আমি বলি বুঝি কার জন্ত রেখেছ ?” নববধু হয়ত মনে করিল, পূর্বে আমায় “ওই” বলিতে আজ কেন তবে আমায় “তুমি” বলিয়া কথা কহিতেছে ?

নববধুর পরিবর্তন সকলের নিকট স্পষ্ট নহে সত্য, কিন্তু যিনি অমুখাবন করিয়াছেন, তিনিই বুঝিতে পারিয়াছেন যে, পরিবর্তন অতি আশ্চর্য্য ! এক রাত্রে পরিবর্তন বলিয়া আশ্চর্য্য ! নববধুর মুখশ্রী এক রাত্রে একটু গম্ভীর হয়, অথচ তাহাতে একটু আফ্লাদের আভাসও থাকে। তদ্ব্যতীত যেন একটু সাবধান, একটু নম্র, একটু সঙ্কুচিত বলিয়া বোধ হয়। ঠিক যেন শেষ রাত্রে পদ্ম। বালিকা কি বুঝিল যে, মনের এই পরিবর্তন হঠাৎ এক রাত্রে মধ্যে হইল।

৬

বহু কালের পর পালামৌ সম্বন্ধে দুইটা কথা লিখিতে বসিয়াছি। লিখিবার একটা ওজর আছে। এক সময়ে একজন বধির ব্রাহ্মণ আমাদের প্রতিবাসী ছিলেন, অনবরত গল্প করা তাঁহার রোগ ছিল। যেখানে কেহ একা আছে দেখিতেন, সেইখানে গিয়া গল্প আরম্ভ করিতেন; কেহ তাঁহার গল্প শুনিত না, শুনিবারও কিছু তাহাতে থাকিত না। অথচ তাঁহার স্থির বিশ্বাস ছিল যে, সকলেই তাঁহার গল্প

স্তনিতে আগ্রহ করে। একবার একজন শ্রোতা রাগ করিয়া বলিয়া-
ছিলেন, “আর তোমার গল্প ভাল লাগে না, তুমি চুপ কর।” কালা
ঠাকুর উত্তর করিয়াছিলেন, “তা কেমন করিয়া হবে, এখনও যে এ গল্পের
অনেক বাকি।” আমারও সেই ওজর। যদি কেহ পালামৌ পড়িতে
অনিচ্ছু হন, আমি বলিব যে, “তা কেমন করে হবে, এখনও যে
পালামৌর অনেক কথা বাকি।”

পালামৌর প্রধান আওলাত মৌয়া গাছ। সাধু ভাষায় বুঝি ইহাকে
মধুক্রম বলিতে হয়। সাধুদের তৃপ্তির নিমিত্ত সকল কথাই সাধু ভাষায়
লেখা উচিত। আমারও তাহা একান্ত যত্ন। কিন্তু মধ্যে মধ্যে বড়
গোলে পড়িতে হয়, অন্তকেও গোলে ফেলিতে হয়, এই জন্ত এক এক
বার ইতস্তত করি। সাধুসঙ্গ আমার অল্প, এই জন্ত তাঁহাদের ভাষায়
আমার সম্পূর্ণ অধিকার জন্মে নাই। যাহাদের সাধুসঙ্গ যথেষ্ট অথবা
ঐহারা অভিধান পড়িয়া নিজে সাধু হইয়াছেন, তাঁহারাও একটু একটু
গোলে পড়েন। এই যে এইমাত্র মধুক্রম লিখিত হইল, অনেক সাধু
ইহার অর্থে অশোকবৃক্ষ বুঝিবেন। অনেক সাধু জীবন্তীবৃক্ষ বুঝিবেন।
আবার, যে সকল সাধুর গৃহে অভিধান নাই, তাঁহারা হয়ত কিছুই
বুঝিবেন না; সাধুদের গৃহিণীরা নাকি সাধুভাষা ব্যবহার করেন না।
তাঁহারা বলেন, সাধুভাষা অতি অসম্পন্ন, এই ভাষায় গালি চলে না,
ঝগড়া চলে না, মনের অনেক কথা বলা হয় না। যদি এ কথা সত্য
হয়, তবে তাঁহারা স্বচ্ছন্দে বলুন, সাধুভাষা গোলায় থাক।

মৌয়ার ফুল পালামৌ অঞ্চলে উপাদেয় খাপ্ত বলিয়া ব্যবহৃত হইয়া
থাকে। হিন্দুস্থানীয়েরা কেহ কেহ সক করিয়া চালভাজার সঙ্গে এই
ফুল খাইয়া থাকেন। শুধাইয়া রাখিলে এই ফুল অনেক দিন পর্য্যন্ত
থাকে। বর্ষাকালে কোলেরা কেবল এই ফুল খাইয়া দুই তিন মাস

কাটার। পয়সার পরিবর্তে এই ফুল পাইলেই তাহাদের মজুরি শোধ হয়। যোয়ার এত আদর, অথচ তথায় হাঁহার বাগান নাই।

যোয়ার ফুল শেফালিকার মত ঝরিয়া পড়ে, প্রাতে বৃক্ষতল একেবারে বিছাইয়া থাকে। সেখানে সহস্র সহস্র মাছি, মৌমাছি, ঘুরিয়া ফিরিয়া উড়িয়া বেড়ায়, তাহাদের কোলাহলে বন পুরিয়া যায়। বোধ হয় দূরে কোথায় একটা হাট বসিয়াছে। একদিন ভোরে নিদ্রাভঙ্গে সেই শব্দে যেন স্বপ্নবৎ কি একটা অস্পষ্ট স্মৃতি আমার স্মরণ হইতে হইতে আর হইল না। কোন্ বয়সের কোন্ স্মৃতির স্মৃতি, তাহা প্রথমে কিছুই অনুভব হয় নাই, সে দিকে মনও যায় নাই। পরে তাহা স্পষ্ট স্মরণ হইয়াছিল। অনেকের এইরূপ স্মৃতিবৈকল্য ঘটয়া থাকে। কোন একটি দ্রব্য দেখিয়া বা কোন একটি স্মরণ স্তনিয়া অনেকের মনে হঠাৎ একটা স্মৃতির আলোক আসিয়া উপস্থিত হয়; তখন মন যেন আছন্দে কাঁপিয়া উঠে—অথচ কি জ্ঞান এই আছন্দ, তাহা বুঝা যায় না। বৃদ্ধেরা বলেন, হাঁহা জন্মান্তরীণ স্মৃতি। তাহা হইলে হইতে পারে; হাঁহাদের পূর্বজন্ম ছিল, হাঁহাদের সকলই সম্ভব। কিন্তু আমার নিজ সম্বন্ধে যাহা বলিতেছিলাম, তাহা ইহজন্মের স্মৃতি। বাল্যকাল আমি যে পল্লীগামে অতিবাহিত করিয়াছি, তথায় নিত্য প্রাতে বিস্তর ফুল ফুটিত, স্মৃতিবৎ নিত্য প্রাতে বিস্তর নৌমাছি আসিয়া গোল বাধাইত। সেই সঙ্গে ঘরে বাহিরে, ঘাটে পথে হরিনাম—অক্ষুট স্বরে, নানা বয়সের নানা কণ্ঠে, গুন্ গুন্ শব্দে হরিনাম মিশিয়া কেমন একটা গম্ভীর স্মরণ নিত্য প্রাতে জমিত, তাহা তখন ভাল লাগিত কি না স্মরণ নাই, এখনও ভাল লাগে কি না, বলিতে পারি না, কিন্তু সেই স্মরণ আমার অন্তরের অন্তরে কোথায় লুকান ছিল, তাহা যেন হঠাৎ বাজিয়া উঠিল। কেবল স্মরণ নহে, লতা-পল্লব-শোভিত সেই পল্লীগাম, নিছের সেই অল্প বয়স, সেই সময়ের সঙ্গিগণ,

সেই প্রাতঃকাল, কুম্ভমল্লাবাসিত সেই প্রাতর্বাণ, তাহার সেই শীর সঞ্চরণ সকলগুলি একত্রে উপস্থিত হইল। সকলগুলি একত্র বলিয়া এই শ্লথ, নতুবা কেবল মৌমাছির শব্দে শ্লথ নহে।

অথ যাহা ভাল লাগিতেছে না, দশ বৎসর পরে তাহার স্মৃতি ভাল লাগিবে। অথ যাহা শ্লথ বলিয়া স্বীকার কবিলাম না, বলায় আর তাহা জুটিবে না। যুবার যাহা অগ্রাহ্য, বৃদ্ধেব তাহা দুস্ত্রাপ্য। দশ বৎসর পূর্বে যাহা আপনিই আসিয়া জুটিয়াছিল, তখন হয়ত আদর পায় নাই, এখন আর তাহা জুটে না, সেই জন্ত তাহার স্মৃতিই শ্লথ।

নিত্য মুহূর্ত্তে এক একখানি নূতন পট আমাদের অন্তরে ফোটোগ্রাফ হইতেছে এবং তথায় তাহা থাকিয়া যাইতেছে। আমাদের চতুঃপার্শ্বে যাহা কিছু আছে, যাহা কিছু আমরা ভালবাসি, তাহা সমুদয় অবিকল সেই পটে থাকিতেছে। সচরাচর পটে কেবল রূপ অঙ্কিত হয়, কিন্তু যে পটের কথা বলিতেছি, তাহাতে গন্ধ স্পর্শ সকলই থাকে, ইহা বুঝাইবার নহে, স্মতরাং সে কথা থাক।

প্রত্যেক পটের এক একটা করিয়া বন্ধনী থাকে, সেই বন্ধনী স্পর্শ মাঝেই পটখানি এলাইয়া পড়ে, বহু কালের বিস্তৃত বিলুপ্ত শ্লথ যেন নূতন হইয়া দেখা দেয়। যে পটখানি আমার স্মৃতিপথে আসিয়াছিল বলিতেছিলাম, বোধ হয় মৌমাছির স্মর তাহার পটবন্ধনী।

কোন পটের বন্ধনী কি, তাহা নির্ণয় করা অতি কঠিন ; যিনি তাহা করিতে পাবেন, তিনিই কবি। তিনিই কেবল একটি কথা বলিয়া পটের সকল অংশ দেখাইতে পারেন, রূপ গন্ধ স্পর্শ সকল অমুভব করাইতে পারেন। অন্ত সকলে অক্ষম, তাহারা শত কথা বলিয়াও পটের শতাংশ দেখাইতে পারে না।

মৌয়া ফুলে যন্ত্র প্রস্তুত হয়, সেই যন্ত্রই এই অঞ্চলে সচরাচর

ব্যবহার। ইহার মাদকতাশক্তি কত দূর জানি না, কিন্তু বোধ হয়, সে বিষয়ে ইহার বড় নিশ্চয় নাই, কেন না, আমার একজন পরিচারক এক দিন এই মস্ত পান করিয়া বিস্তর কান্না কাঁদিয়াছিল, বিস্তর বমি করিয়াছিল। তাহার প্রাণও যথেষ্ট ঝুলিয়াছিল, যেক্রমে আমার যত টাকা সে ছুরি করিয়াছিল, সেই দিন তাহা সমুদয় বলিয়াছিল। বিলাতী মদের সহিত তুলনায় এ মদের দোষ কি, তাহা স্থির করা কঠিন। বিলাতী মদে নেশা আর লিবর দুই থাকে। মৌয়ার মদে কেবল একটা থাকে, নেশা—লিবর থাকে না; তাহাই এ মদের এত নিশ্চয়, এ মদ এত সস্তা। আমাদের ধেনোরও সেই দোষ।

দেশী মদের আর একটা দোষ, ইহার নেশায় হাত পা দুইয়ের একটিও ভাল চলে না। কিন্তু বিলাতী মদে পা চলুক বা না চলুক, হাত বিলক্ষণ চলে, বিবিরা তাহার প্রমাণ দিতে পারেন। বুঝি আজ কাল আমাদের দেশেরও দুই চারি ঘরের গৃহিণীরা ইহার অপেক্ষ কণা বলিলেও বলিতে পারেন।

বিলাতী পদ্ধতি অনুসারে প্রস্তুত করিতে পারিলে মৌয়ার ত্রাণ্ডি হইতে পারে, কিন্তু অর্থসাপেক্ষ। একজন পাদরি আমাদের দেশী জাম হইতে জামপেন প্রস্তুত করিয়াছিলেন, অর্থাভাবে তিনি তাহা প্রচলিত করিতে পারেন নাই। আমাদের দেশী মদ একবার বিলাতে পাঠাইতে পারিলে অল্প সার্থক হয়, অনেক অস্তরজালা নিবারণ হয়।

